



रेलवे भर्ती बोर्ड / RAILWAY RECRUITMENT BOARD

सी ई एन - ०३/२०२५ - CEN - 03/2025

Recruitment for Paramedical Categories



RRB Paramedical 2025

All Posts · Question Papers

Bengali

2 Posts · 2 Papers (post + shift) · Official Answer Key

About this Compilation

This booklet contains every **Bengali** question paper of the **RRB Paramedical 2025** (CEN 03/2025) examination held on 11, 12 and 13 March 2026 that our bank holds in **Bengali** — 2 posts, 2 papers (one post in one shift each) — with the correct option marked as per the official answer key.

✓ Correct option (highlighted green)

5 of these 200 questions are not printed in Bengali (5 in English). Our bank holds no Bengali version of them that carries a verified answer key (RRB set some of them in that language in every paper, others were not saved in Bengali), so the stored version is printed instead, marked with a chip. Nothing is machine translated.

Not in this Bengali book: Dialysis Technician (11 Mar 2026); Lab Assistant Grade II (11 Mar 2026); Nursing Superintendent (12 Mar 2026); Nursing Superintendent (12 Mar 2026); Pharmacist (Entry Grade) (13 Mar 2026); Pharmacist (Entry Grade) (13 Mar 2026); ECG Technician (date not recorded); Radiographer X-Ray Technician (date not recorded) — no Bengali version of these papers is saved (see the English book).

How to use

- Use the **Index** page to jump directly to any set (clickable).
- Each set is one post's paper of one shift; questions appear section by section, numbered 1 onward.
- Diagram and wide-table questions appear at full width at the end of their section.
- The correct answer is highlighted in green with a tick.

More from QMaths

Check your marks, normalized score and zone-wise rank free at rank.qmaths.in. Master English vocabulary with the **Blackbook** app.



Toppers' Choice, Blackbook of English Vocabulary, Now available in App format : DOWNLOAD NOW

Index — All Sets (click to open)

Set 1

Health & Malaria Inspector Grade II

11 Mar 2026 · 12:45 PM - 2:15 PM

Set 2

Nursing Superintendent

12 Mar 2026 · 4:30 PM - 6:00 PM

General Ability

30 Questions • Answer Key

Q1 General Ability

2025 সালে খেলো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয় গেমসের 5ম সংস্করণ কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছিল?

- A. গুজরাট
B. হরিয়ানা
C. রাজস্থান
D. মহারাষ্ট্র



Q2 General Ability

মানব উন্নয়ন প্রতিবেদন 2023/2024 এ প্রকাশিত লিঙ্গ বৈষম্য সূচক 2022 এ ভারত কত ধাপ উন্নতি করেছে?

- A. 14
B. 11
C. 5
D. 7



Q3 General Ability

ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে সুপ্রিম কোর্টের সংগঠন এবং ক্ষমতা সম্পর্কে আলোচনা করা হয়েছে?

- A. অনুচ্ছেদ 214 থেকে 231
B. অনুচ্ছেদ 50 থেকে 75
C. অনুচ্ছেদ 100 থেকে 110
D. অনুচ্ছেদ 124 থেকে 147



Q4 General Ability

প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। প্রদত্ত বিবৃতিগুলি সাধারণভাবে জানা তথ্যগুলির থেকে ভিন্ন বলে মনে হলেও তা সত্য হিসাবেই মেনে নিন এবং কোন সিদ্ধান্ত(গুলি) প্রদত্ত বিবৃতিগুলিকে যুক্তিযুক্তভাবে অনুসরণ করবে, তা নির্ধারণ করুন।

বিবৃতি:

সকল শালগম হল দই।
সকল দুধ হল দই।

সিদ্ধান্ত:

- (I) কিছু শালগম হল দুধ।
(II) কিছু দই হল দুধ।

- A. সিদ্ধান্ত (I) বা (II) কোনোটিই অনুসরণ করে না।
B. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।
C. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে।
D. উভয় সিদ্ধান্ত (I) এবং (II) অনুসরণ করে।



Q5 General Ability

একজন মহিলা 20 m/min গতিবেগে 81 মিনিট এবং 70 m/min গতিবেগে 69 মিনিট ভ্রমণ করেন। তার গড় গতিবেগ (m/min এ) কত?

- A. 49
B. 47
C. 36
D. 43



Q6 General Ability

নিম্নোক্ত কোনটি তৃতীয় স্তরের কার্যকলাপ (tertiary activity) নয়?

- A. গাড়ি উৎপাদন
B. বীমা
C. IT পরিষেবা
D. শিক্ষা



Q7 General Ability

চার অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 9,14 এবং 12 দ্বারা ভাগ করলে প্রতিটি ক্ষেত্রে 8 অবশিষ্ট থাকবে?

A. 9819

B. 9836

C. 9984

D. 9691

Q8 General Ability

নিচের কোন দেবতাকে মূলত ছট পূজার সময় পূজা করা হয়?

A. সূর্য দেবতা

B. গণেশ দেবতা

C. দেবী লক্ষ্মী

D. শিব দেবতা

Q9 General Ability

ভারতে কমিটি অন পাবলিক আন্ডারটেকিংস (COPU)-এর চেয়ারপারসন কে নিযুক্ত করেন?

A. লোকসভার স্পিকার বা অধ্যক্ষ

B. ভারতের রাষ্ট্রপতি

C. ভারতের প্রধান বিচারপতি

D. প্রধানমন্ত্রী

Q10 General Ability

নিচের বিকল্পগুলির মধ্যে কেবল _____ ছাড়া বাকি প্রতিটি রাজ্যেই ভারত-নেপাল আন্তর্জাতিক সীমান্ত উপস্থিত।

A. বিহার

B. উত্তরপ্রদেশ

C. অসম

D. সিকিম

Q11 General Ability

নির্দিষ্ট দৈর্ঘ্য এবং 49 cm প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার লোহার পাতকে তার দৈর্ঘ্য বরাবর গোল করে মুড়িয়ে একটি চোঙ তৈরি করা হল। যদি গঠিত চোঙটির আয়তন 7546 cm^3 হয়, তাহলে লোহার পাতটির দৈর্ঘ্য (cm তে) নির্ণয় করুন। (ব্যবহার করুন $\pi = 22/7$)

A. 110 cm

B. 44 cm

C. 66 cm

D. 88 cm

Q12 General Ability

নিচের কোন জোড়াটির যোজ্যতা সমান?

A. কার্বন ও নাইট্রোজেন

B. হাইড্রোজেন ও অক্সিজেন

C. অক্সিজেন ও অ্যালুমিনিয়াম

D. সোডিয়াম ও ক্লোরিন

Q13 General Ability

ব্রিটিশ শাসন এবং জমিদারদের অত্যাচারের বিরুদ্ধে সংগঠিত 'মোপলা বিদ্রোহ' প্রধানত ভারতের কোন অঞ্চলে ঘটেছিল?

A. উত্তর সরকার

B. করমন্ডল

C. বাংলা

D. মালাবার

Q14 General Ability

প্রদত্ত সংখ্যার ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। (সকল সংখ্যাই কেবল এক-অঙ্ক বিশিষ্ট সংখ্যা)। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।

(বামদিক) 5 2 3 6 9 8 7 4 1 2 5 3 6 9 8 7 4 1 5 2 6 3 9 7 8 9
4 1 2 5 (ডানদিক)

ক্রমটিতে এমন কতগুলো জোড় অঙ্ক আছে, যেগুলোর ঠিক আগে একটি বিজোড় অঙ্ক এবং ঠিক পরেও একটি বিজোড় অঙ্ক রয়েছে?

A. 15

B. 9

C. 11

D. 13

Q15 General Ability

A, B, C, D, E, F এবং G এই সাতজন ব্যক্তি উত্তরদিকে মুখ করে একটি সারিতে বসে আছে।

F এর বামদিকে কেবল দু'জন ব্যক্তি বসে আছে। F এবং E এর মাঝে কেবল তিনজন ব্যক্তি বসে আছে। E এবং D এর মাঝে কেবল একজন ব্যক্তি বসে আছে। A বসে আছে B এর ঠিক বাম পাশে। E এর ঠিক পাশে C বসেনি। A এবং G এর মাঝে কতজন বসে আছে?

A. 3

B. 1

C. 4

D. 2



Q16 General Ability

যদি পটাশিয়াম ডাইক্রোমেটের উপস্থিতিতে প্রোপানলের মতো একটি কার্বন যৌগকে জারিত করা হয়, তবে সম্ভাব্য উৎপাদিত পদার্থটি কী হবে?

- A. প্রোপেন
- B. প্রোপিন
- C. মিথানল
- D. প্রোপানোয়িক অ্যাসিড

**Q17 General Ability**

একটি তড়িৎবাহী ঋজু পরিবাহীকে একটি সুষম চৌম্বকক্ষেত্রের সঙ্গে লম্বভাবে স্থাপন করা হয়। নিচের কোন বিকল্পটি পরিবাহীর উপর কার্যকরী বলের মানকে প্রভাবিত করে?

- A. পরিবাহীর রোধ
- B. চৌম্বকক্ষেত্রের প্রাবল্য
- C. পরিবাহীর আকৃতি
- D. পরিবাহীর রঙ

**Q18 General Ability**

একটি বস্তুর ওপর প্রযুক্ত বল দ্বারা ধনাত্মক কার্য সম্পন্ন হবে যদি বস্তুটির সরণ _____ হয়।

- A. শূন্য
- B. প্রযুক্ত বলের অভিমুখে
- C. প্রযুক্ত বলের বিপরীত অভিমুখে
- D. প্রযুক্ত বলের সঙ্গে সমকোণে

**Q19 General Ability**

কোশের ভেতরে কার্বন ডাই অক্সাইডের গাঢ়ত্ব বাইরের পরিবেশের চেয়ে বেশি হলে, CO₂ কীভাবে প্লাজমা ঝিল্লি জুড়ে চলাচল করবে?

- A. CO₂ কোশের ভিতরেই থাকবে
- B. CO₂ অক্সিজেনে রূপান্তরিত হবে
- C. ব্যাপনের মাধ্যমে CO₂ কোশ থেকে বেরিয়ে আসবে
- D. CO₂ সক্রিয় পরিবহনের মাধ্যমে কোশে প্রবেশ করবে

**Q20 General Ability**

পটাশিয়াম এবং সোডিয়ামের মতো ধাতুগুলি ঠান্ডা জলের সঙ্গে বিক্রিয়া করলে, একটি তাপমোচী বিক্রিয়া ঘটে এবং একই সঙ্গে _____ নির্গত হয়।

- A. হাইড্রোজেন গ্যাস
- B. ক্লোরিন গ্যাস
- C. জলীয় বাষ্প
- D. অক্সিজেন গ্যাস

**Q21 General Ability**

254871639 সংখ্যাটির প্রতিটি অঙ্ককে বাম দিক থেকে ডান দিকে আরোহী ক্রমে সাজানো হয়, তবে নতুন গঠিত সংখ্যাটিতে মূল সংখ্যার তুলনায় কতগুলি অঙ্কের অবস্থান অপরিবর্তিত থাকবে?

- A. একটিও নয়
- B. তিনটি
- C. একটি
- D. দু'টি

**Q22 General Ability**

প্রদত্ত চারটি বর্ণ-গুচ্ছ জোড়ার মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বর্ণ-গুচ্ছ জোড়াটি সেই দলের অন্তর্গত নয়?
(দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছ উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।)

- A. AF – DG
- B. TY–WZ
- C. PU–SV
- D. OT – GA

**Q23 General Ability**

যখন একটি ঋজু তড়িৎবাহী পরিবাহী থেকে একটি বিন্দুর দূরত্ব দ্বিগুণ করা হয়, তখন সেই বিন্দুটিতে চৌম্বকক্ষেত্রের মানের কী পরিবর্তন হবে?

- A. বৃদ্ধি পাবে
- B. শূন্য হয়ে যাবে
- C. হ্রাস পাবে
- D. অপরিবর্তিত থাকবে



Q24 General Ability

একটি অবতল দর্পণ কেবল তখনই একটি বিবর্ধিত প্রতিবিম্ব গঠন করে, যখন বস্তুটি _____ এ স্থাপন করা হয়।

- A. অসীমে
- B. ফোকাস এবং বক্রতা কেন্দ্রের মাঝে ✓
- C. বক্রতা কেন্দ্রে
- D. বক্রতা কেন্দ্রের বাইরে

Q25 General Ability

বার্ষিক 20% চক্রবৃদ্ধি সুদের হারে (বার্ষিক দেয়), বিরাট ₹34400 অর্থরাশি বিনিয়োগ করে। বিনিয়োগের 2 বছর পর বিরাট সুদে-আসলে কত অর্থরাশি পাবে?

- A. ₹49707
- B. ₹49456
- C. ₹49508
- D. ₹49536 ✓

Q26 General Ability

একটি মক টেস্টে, 12 জন শিক্ষার্থীর 100 এর মধ্যে প্রাপ্ত নম্বর হল 69, 87, 78, 91, 78, 81, 87, 91, 96, 78, 69 এবং 81। উপরের ডেটার সংখ্যাগুরুমান কত?

- A. 91
- B. 81
- C. 87
- D. 78 ✓

Q27 General Ability

পাউরুটির মোন্ডে অবস্থিত প্রজননে সাহায্যকারী দণ্ডকার অংশের মাথায় ক্ষুদ্র গোলাকার গঠনগুলোকে কী বলা হয়?

- A. স্পোরানজিয়া (sporangia) ✓
- B. হাইফি (hyphae)
- C. মূল (roots)
- D. পাতা (leaves)

Q28 General Ability

নিচের কোন বিবৃতিটি ব্যাখ্যা করে যে গহ্বরগুলি কীভাবে উদ্ভিদ কোষের কাঠামো বজায় রাখতে সহায়তা করে?

- A. কোষ বিভাজনে সহায়তা করে
- B. রসস্বচ্ছীতি এবং অনমনীয়তা প্রদান করে ✓
- C. ক্লোরোফিল সংশ্লেষ করে
- D. অতিরিক্ত জল বের করে দিয়ে

Q29 General Ability

সংসদের শীতকালীন অধিবেশনের সময় (1-19 ডিসেম্বর 2025), নিম্নলিখিত কোন বিলটি সংসদের আইন হিসেবে প্রণীত হয়েছিল (অর্থাৎ, উভয় কক্ষ কর্তৃক পাস হয়ে আইন হিসেবে কার্যকর হয়েছিল)?

- A. দ্য বিকশিত ভারত শিক্ষা অধিষ্ঠান বিল, 2025
- B. দ্য সিকিউরিটিজ মার্কেট কোড বিল, 2025
- C. দ্য রিপেলিং অ্যান্ড অ্যামেন্ডিং বিল, 2025 ✓
- D. দ্য ইনসল্ভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপটসি কোড (সংশোধনী) বিল, 2025

Q30 General Ability

ভারত সরকার 2025 সালের নভেম্বরে নিম্নলিখিত কোন নির্দেশিকা প্রকাশ করে, যা বিভিন্ন ক্ষেত্রে নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক এবং দায়িত্বশীল AI অ্যাডপশন নিশ্চিত করার জন্য একটি বিস্তৃত কাঠামো এবং অত্যাধুনিক উদ্ভাবনকে উৎসাহিত করার জন্য এবং নিরাপদে AI বিকাশ ও স্থাপনের জন্য একটি শক্তিশালী শাসন কাঠামো প্রস্তাব করে?

- A. ডিজিটাল পার্সোনাল ডেটা প্রোটেকশন (DPDP) রুলস
- B. সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং পলিসি 2.0
- C. ইন্ডিয়া AI গভর্নেন্স গাইডলাইন ✓
- D. টেলিকমিউনিকেশন অ্যাক্ট 2023 এনফোর্সমেন্ট ফ্রেমওয়ার্ক



Q31 Professional Ability

অস্ত্রোপচারে সহায়তা করার জন্য প্রস্তুত হওয়ার সময় একজন নার্স লক্ষ্য করেন যে তার সহকর্মীর ইউনিফর্মে আগের শিফটের রক্তের স্পষ্ট দাগ লেগে আছে। অপারেশন থিয়েটারে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি এবং পোশাকের জন্য সংক্রমণ নিয়ন্ত্রণ প্রোটোকল বিবেচনা করে, নার্সটির জন্য সবচেয়ে উপযুক্ত পদক্ষেপ কী হবে?

- A. ইউনিফর্মের দাগযুক্ত জায়গায় হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা
- B. একটি ডিসপোজেবল গাউন দিয়ে দাগগুলি ঢেকে ফেলা এবং কাজ চালিয়ে যাওয়া
- C. সহকর্মীকে জীবাণুমুক্ত এলাকায় প্রবেশের আগে একটি পরিষ্কার ইউনিফর্ম পরতে বলা ☒
- D. সহকর্মী যদি ভালোভাবে হাত ধুয়ে ফেলেন, তাহলে ওই দাগগুলি উপেক্ষা করা

Q32 Professional Ability

মৌসুমি বন্যা এবং দূষণের জন্য পরিচিত একটি নদীর কাছে একটি নতুন আবাসিক কলোনি তৈরি করা হচ্ছে। পরিবেশগত স্বাস্থ্য প্রকৌশলী হিসেবে, আপনাকে এমন একটি ব্যবস্থা ডিজাইন করতে বলা হচ্ছে যা কলোনির ভবিষ্যতের বাসিন্দাদের জন্য জলবাহিত রোগের প্রাদুর্ভাবের ঝুঁকি কার্যকরভাবে কমিয়ে আনবে। আপনার পরিকল্পনায় নিম্নলিখিত কোন প্রকৌশল সমাধানটিকে অগ্রাধিকার দেওয়া উচিত?

- A. স্বাস্থ্যবিধি সম্পর্কে শিক্ষামূলক লিফলেট বিতরণ
- B. সাপ্তাহিক স্বাস্থ্য পরীক্ষা শিবিরের সময়সূচী নির্ধারণ
- C. নদীর তীরে সতর্কীকরণ চিহ্ন স্থাপন
- D. একটি বিস্তৃত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার নকশা এবং বাস্তবায়ন ☒

Q33 Professional Ability

একটি শহর কর্তৃপক্ষ পৌরসভার বর্জ্য কমানোর পরিকল্পনা করছে। নিচের কোন পদক্ষেপটি বর্জ্য ব্যবস্থাপনার ক্রমবিন্যাস নীতিটিকে সবচেয়ে ভালোভাবে ফুটিয়ে তোলে?

- A. দ্রুত বর্জ্য অপসারণের জন্য বর্জ্য পুড়িয়ে ফেলার (Incineration) অভিযান শুরু করা।
- B. শহরে জৈব বর্জ্য থেকে সার তৈরি করতে নিরুৎসাহিত করা।
- C. সহজে বর্জ্য ফেলার জন্য ল্যান্ডফিল সম্প্রসারণের পরিকল্পনা করা।
- D. রিসাইক্লিং এবং বর্জ্য অপসারণের আগে পুনরায় ব্যবহারের (Reuse) উদ্যোগকে অগ্রাধিকার দেওয়া। ☒

Q34 Professional Ability

ডায়ালাইসিস কেন্দ্রের একজন নার্সকে অবশ্যই ব্যবহৃত ডায়ালাইসিস টিউব এবং ক্যাথেটারগুলি নিষ্পত্তি করতে হবে। রাসায়নিক দ্বারা জীবাণুমুক্ত করার পরে, যাতে পুনরায় ব্যবহার করা না যায় এবং নিরাপদভাবে এগুলির চূড়ান্ত নিষ্পত্তি করা সম্ভব হয়, তার জন্য নিচের কোন পদ্ধতিটি সবচেয়ে কার্যকরী পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে?

- A. পণ্যগুলি সরাসরি একটি ল্যান্ডফিলে বা ভাগাড়ে পাঠানো
- B. জিনিসগুলি ধোয়া এবং ভবিষ্যতের ব্যবহারের জন্য সংরক্ষণ করা
- C. জিনিসগুলিকে অ-কার্যোপযোগী করার জন্য টুকরো টুকরো করে কেটে ফেলা ☒
- D. অবিলম্বে জিনিসগুলি পুড়িয়ে ফেলা

Q35 Professional Ability

সাম্প্রতিক হেলথ ইন্টারভেনশনের প্রভাব মূল্যায়নের জন্য একজন পাবলিক হেলথ অফিসার একটি গ্রামীণ জেলার বার্ষিক জন্ম ও মৃত্যু রেকর্ড পর্যালোচনা করছেন। কোন পদ্ধতিটি পলিসি প্ল্যানিংয়ের জন্য এই গুরুত্বপূর্ণ পরিসংখ্যানের সম্পূর্ণতা এবং নির্ভরযোগ্যতা সবচেয়ে ঠিকভাবে নিশ্চিত করবে?

- A. প্রতি পাঁচ বছর অন্তর পরিচালিত পর্যায়ক্রমিক পারিবারিক সমীক্ষার ওপর নির্ভর করা।
- B. স্থানীয় স্বাস্থ্যকর্মীদের অনানুষ্ঠানিক প্রতিবেদনের উপর ভিত্তি করে পরিসংখ্যান এস্টিমেট করা
- C. জন্ম ও মৃত্যু ধারাবাহিকভাবে রেকর্ড করার জন্য একটি নাগরিক নিবন্ধন ব্যবস্থা বাস্তবায়ন করা ☒
- D. গুরুত্বপূর্ণ ঘটনাবলির প্রাথমিক উৎস হিসেবে হাসপাতালের রেকর্ড ব্যবহার করা।

Q36 Professional Ability

একজন জেলা মহামারী বিশেষজ্ঞ অতীতে কম টিকাকরণ হওয়া একটি অঞ্চলে সম্প্রতি পালস পোলিও অভিযানের কার্যকারিতা মূল্যায়ন করছেন। তিনি লক্ষ্য করেছেন যে, এই অভিযানের পর পোলিও আক্রান্তের সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। এই ফলাফলের উপর ভিত্তি করে, এলাকায় পোলিও-মুক্ত অবস্থা বজায় রাখার জন্য ওই এলাকায় কোন কৌশলের ওপর তাকে সবচেয়ে বেশি জোর দিতে হবে?

- A. শুধুমাত্র নবজাতকদের নিয়মিত টিকাদানের উপর মনোযোগ দেওয়া
- B. ভবিষ্যতের সমস্ত প্রচারাভিযানের জন্য ইনজেকশনযোগ্য পোলিও ভ্যাকসিনে সুইচ করা
- C. একটি সফল রাউন্ডের পর গণ প্রচারাভিযান বন্ধ করে দেওয়া
- D. উচ্চ নজরদারি এবং পর্যায়ক্রমিক গণ টিকাদান কার্যক্রম বজায় রাখা ☒



Q37 Professional Ability

নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা পালন সত্ত্বেও, একটি হাসপাতালের রক্ষণাবেক্ষণ দল রোগীদের বাথরুমে ঘন ঘন দুর্গন্ধ হওয়ার অভিযোগ পাচ্ছে। দলটি সন্দেহ করছে যে, প্লাস্টিং ব্যবস্থায় কোনো যান্ত্রিক ত্রুটি রয়েছে। কোন ধরনের ট্র্যাপ স্বাভাবিক পরিস্থিতিতে নর্দমার গ্যাস ঘরে প্রবেশ করা রোধ করতে সবচেয়ে কার্যকর ভূমিকা পালন করবে?

- A. ইন্টারসেপ্টিং ট্র্যাপ
- B. বটল ট্র্যাপ
- C. ফ্লোর ট্র্যাপ
- D. P-ট্র্যাপ

Q38 Professional Ability

কোন ক্যাটাগরির বায়োমেডিক্যাল বর্জ্য সাধারণত পোড়ানোর মাধ্যমে অপসারণ করা প্রয়োজন?

- A. হলুদ ক্যাটাগরি
- B. লাল ক্যাটাগরি
- C. সাদা ক্যাটাগরি
- D. নীল ক্যাটাগরি

Q39 Professional Ability

মারুমধ্যে ধোঁয়াশাযুক্ত শহরাঞ্চলে জনাকীর্ণ কমিউনিটি সেন্টারের জন্য একজন কমিউনিটি স্বাস্থ্য আধিকারিককে অবশ্যই একটি ভেন্টিলেশন পরিকল্পনা চয়ন করতে হবে। কোন পরিকল্পনাটি স্বাচ্ছন্দ্য বজায় রেখে বাসিন্দাদের স্বাস্থ্যকে সর্বোত্তমভাবে রক্ষা করবে?

- A. কেবল বেশি সংখ্যক মানুষ থাকতে পারে এমন ঘরগুলিতে (high-occupancy rooms) এক্সহস্ট ফ্যান ইনস্টল করা
- B. সমস্ত কাজের সময় জুড়ে প্রাকৃতিক বায়ুচলাচলের জন্য জানালা খোলা রাখা
- C. বায়ু পরিমার্জন এবং সামঞ্জস্যযোগ্য বায়ুপ্রবাহের হার (adjustable airflow rates) সহ মেকানিক্যাল ভেন্টিলেশন
- D. বাইরের বায়ু পরিমার্জন ছাড়াই বেসিক এয়ার কন্ডিশনিং

Q40 Professional Ability

নিম্নলিখিত কোনটি একটি রোগের প্রাথমিক প্রতিরোধে (Primary prevention) অবদান রাখে?

- A. প্রতিবন্ধকতা জনিত সীমাবদ্ধতা
- B. পুনর্বাসন
- C. নির্দিষ্ট সুরক্ষা অবলম্বন
- D. প্রাথমিক অবস্থায় রোগ নির্ণয় ও চিকিৎসা

Q41 Professional Ability

নিচের কোন ধরনের বর্জ্য সাধারণত হলুদ বায়োহাজার্ড (biohazard) ব্যাগে ফেলা হয়?

- A. বাতিল করা ওষুধ
- B. মানুষের শারীরবৃত্তীয় বর্জ্য এবং রক্তমাখা ড্রেসিং
- C. ব্যবহৃত ধারালো বস্তু যেমন সূঁচ এবং সিরিঞ্জ
- D. প্লাস্টিক বর্জ্য এবং কাচের বোতল

Q42 Professional Ability

একজন আঞ্চলিক স্বাস্থ্য প্রশাসককে শিশু মৃত্যুর হার কমানোর দায়িত্ব দেওয়া হয়েছে। জনগণনার তথ্য থেকে জানা যায় যে, এই অঞ্চলজুড়ে জনসংখ্যার ঘনত্ব এবং মা ও শিশু স্বাস্থ্য পরিষেবা প্রাপ্তির ক্ষেত্রে উল্লেখযোগ্য তারতম্য রয়েছে। সীমিত সম্পদের পরিপ্রেক্ষিতে, প্রশাসক কীভাবে জনগণনার তথ্যকে সর্বোত্তমভাবে ব্যবহার করে একটি ন্যায়সঙ্গত স্বাস্থ্য নীতি প্রণয়ন করতে পারেন?

- A. জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে কম এমন অঞ্চলগুলির জন্য স্বাস্থ্য খাতে তহবিল বৃদ্ধি করা
- B. স্বাস্থ্য পরিষেবা পাওয়ার সীমিত সুযোগ রয়েছে এমন ঘনবসতিপূর্ণ এলাকাগুলিতে অতিরিক্ত স্বাস্থ্য সম্পদ বরাদ্দ করা
- C. জনসংখ্যার তথ্য বিবেচনা না করে একটি সার্বজনীন শিশু স্বাস্থ্য অভিযান চালু করা
- D. সকল অঞ্চলে স্বাস্থ্য সম্পদ সমানভাবে বরাদ্দ করা

Q43 Professional Ability

একটি বৃদ্ধাশ্রমের একজন রোগীর ব্যক্তিগত পরিচ্ছন্নতার অভাব, সম্প্রতি চলাফেরার ক্ষমতা হ্রাস এবং রক্ত সঞ্চালনে সমস্যার লক্ষণ দেখা যাচ্ছে। প্রবহমান জলের সীমিত প্রাপ্যতার কারণে, এই রোগীর সংক্রমণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার জন্য পরবর্তী সর্বোত্তম পদক্ষেপ কী হবে?

- A. প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে ব্রড-স্পেকট্রাম অ্যান্টিবায়োটিক প্রয়োগ করা
- B. অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড রাব ব্যবহার শুরু করা এবং সহায়ক স্বাস্থ্যবিধি রুটিনকে উৎসাহিত করা
- C. যেকোনো স্বাস্থ্যবিধি ব্যবস্থা গ্রহণের আগে ত্বকের ফ্লোরার PCR পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা
- D. গ্রাম স্টেইনিং করে স্বাস্থ্যবিধি হস্তক্ষেপের আগে সম্ভাব্য রোগজীবাণু শনাক্ত করা



Q44 Professional Ability

কোন গুরুত্বপূর্ণ লক্ষণ দেহের অক্সিজেন সরবরাহ এবং শ্বাস-প্রশ্বাসের কার্যকারিতা নির্দেশ করে?

A. শ্বাস-প্রশ্বাসের হার



B. দেহের তাপমাত্রা

C. রক্তচাপ

D. নাড়ির স্পন্দনের হার

Q45 Professional Ability

মাতৃকালীন মৃত্যুর অনুপাত (MMR) বলতে প্রতি _____ জীবিত নবজাতকের ক্ষেত্রে মাতৃমৃত্যুকে বোঝায়।

A. 100 জন

B. 1,00,000 জন



C. 1,000 জন

D. 10,000 জন

Q46 Professional Ability

55 বছর বয়সী এক ব্যক্তিকে তার কর্মস্থলে অচেতন অবস্থায় পাওয়া গেল। তিনি শ্বাস নিচ্ছেন না এবং তার শরীরে কোনো স্পন্দন (pulse) পাওয়া যাচ্ছে না। এই অবস্থায় সবচেয়ে উপযুক্ত প্রাথমিক পদক্ষেপ কোনটি?

A. তার পায়ে স্প্লিন্ট প্রয়োগ করা।

B. ইন্ট্রাভিনাস অ্যান্টিবায়োটিক (intravenous antibiotics) প্রয়োগ করা।

C. মুখ দিয়ে গ্লুকোজ পান করানো।

D. অবিলম্বে বুকে চাপ দেওয়া (CPR) শুরু করা।



Q47 Professional Ability

নিচের কোনটি ইঁদুর-বাহিত (Rodent-borne) রোগ?

A. কলেরা

B. টাইফয়েড

C. ম্যালেরিয়া

D. প্লেগ



Q48 Professional Ability

একটি ব্যস্ত হাসপাতালের ওয়ার্ডে কর্মরত একজন নার্স লক্ষ্য করলেন যে, রোগীর সাথে সামান্য নন-ইনভেসিভ যোগাযোগের পরেই প্রচুর পরিমাণে একবার ব্যবহারযোগ্য গ্লাভস ফেলে দেওয়া হচ্ছে। এই পরিস্থিতিতে বায়োমেডিকেল বর্জ্য কমানোর (Minimization) জন্য নার্স কোন পদক্ষেপটিকে অগ্রাধিকার দেবেন?

A. অব্যবহৃত গ্লাভসগুলো নিয়মিতভাবে ফেলে দেওয়ার পরামর্শ দেওয়া।

B. প্রতিটি রোগীর সংস্পর্শে আসার সময় গ্লাভস ব্যবহার করতে উৎসাহিত করা।

C. নির্দেশিকা অনুযায়ী শুধুমাত্র প্রয়োজন হলেই গ্লাভস ব্যবহার করার জন্য কর্মীদের নির্দেশ দেওয়া।



D. সকল ধরনের কাজের জন্য কর্মীদের জোড়া গ্লাভস পরার পরামর্শ দেওয়া।

Q49 Professional Ability

জনস্বাস্থ্য ধারণা অনুযায়ী নিম্নোক্ত কোনটি স্বাস্থ্যের সংজ্ঞাকে সর্বোত্তমভাবে বর্ণনা করে?

A. শুধুমাত্র সংক্রমণ থেকে মুক্তি

B. শুধুমাত্র শারীরিক শ্রম করার ক্ষমতা

C. শুধুমাত্র দৃশ্যমান রোগের লক্ষণগুলির অনুপস্থিতি

D. সম্পূর্ণ শারীরিক, মানসিক এবং সামাজিক সুস্থতার একটি অবস্থা



Q50 Professional Ability

একজন 28 বছর বয়সী একজন গর্ভবতী মহিলার গর্ভাবস্থার দ্বিতীয় ত্রৈমাসিকে মৃদু রক্তাশ্রিত বা মাইল্ড অ্যানিমিয়া ধরা পড়েছে। তার খাদ্যাভ্যাসে প্রধানত শস্যদানা, দুগ্ধজাত পণ্য এবং সবুজ শাকসবজি থাকে, কিন্তু তিনি খুব কমই রেড মিট বা টক ফল খান। তার রক্তাশ্রিত দূর করার জন্য কোন খাদ্যতালিকাগত পরিবর্তনগুলি সবচেয়ে কার্যকর হবে?

A. গোটা শস্যের ব্যবহার হ্রাস করা এবং হোয়াইট ব্রেড খাওয়া বাড়ানো

B. কিছু দুগ্ধজাত পণ্য এবং নির্বাচিত রুট ভেজিটেবলস গ্রহণ বাড়ানো

C. মাখন ও ডিম খাওয়া কমিয়ে দেওয়া

D. সাইট্রাস ফল এবং লিন রেড মিট গ্রহণ বাড়ানো



Q51 Professional Ability

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি জনস্বাস্থ্যের মূল কাজ নয়?

A. নীতি প্রণয়ন

B. মূল্যায়ন

C. আনুষ্ঠানিক স্বীকৃতিদান



D. আশ্বাসন



Blackbook Vocabulary — Now in the App!

Download Now on Google Play

Q52 Professional Ability

একজন জনস্বাস্থ্য কর্মকর্তাকে একটি আধা-শহুরে এলাকায় ক্রমবর্ধমান টাইপ ২ ডায়াবেটিসের প্রকোপ কমানোর জন্য একটি স্বাস্থ্য শিক্ষা অভিযান শুরু করার দায়িত্ব দেওয়া হয়েছে। তিনি একটি নিডস অ্যাসেসমেন্ট বা প্রয়োজনীয়তা মূল্যায়ন পরিচালনা করে কাজ শুরু করেন, যার মধ্যে মহামারী সংক্রান্ত তথ্য পর্যালোচনা এবং স্থানীয় স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সঙ্গে পরামর্শ অন্তর্ভুক্ত ছিল। এই প্রাথমিক প্রয়োজনীয়তা মূল্যায়নের প্রধান উদ্দেশ্য কী?

A. লক্ষ্যভুক্ত জনসমষ্টির সুনির্দিষ্ট স্বাস্থ্য শিক্ষার প্রয়োজনীয়তা নির্ধারণ করা।



B. বিদ্যমান সম্প্রদায়ের সম্পদগুলো (community resources) শনাক্ত করা।

C. পূর্ববর্তী অভিযানগুলোর কার্যকারিতা মূল্যায়ন করা।

D. বিতরণের জন্য শিক্ষামূলক উপকরণ তৈরি করা।

Q53 Professional Ability

একজন জেনারেল ওয়ার্ড নার্স প্রতিদিন রোগীদের ওজন পরিমাপের দায়িত্বে থাকেন। সবচেয়ে সঠিক এবং সামঞ্জস্যপূর্ণ (consistent) পরিমাপ নিশ্চিত করতে নিচের কোন পদক্ষেপটিকে তিনি অগ্রাধিকার দেবেন?

A. প্রতিদিন একই সময়ে একই ধরনের ক্যালিট্রেটেড স্কেল ব্যবহার নিশ্চিত করা।



B. ওজন করার সময় রোগীদের যেকোনো ধরনের পোশাক পরার অনুমতি দেওয়া।

C. কর্মীদের সুবিধামতো যেকোনো সময়ে রোগীদের ওজন করা।

D. সুবিধার জন্য খাবার খাওয়ার পরে ওজন রেকর্ড করা।

Q54 Professional Ability

একটি লং-টার্ম কেয়ার ফ্যাসিলিটিতে যক্ষ্মার প্রাদুর্ভাব চলাকালীন, একজন পরিবেশ স্বাস্থ্য আধিকারিককে রোগীদের কক্ষের বায়ু জীবাণুমুক্ত করার কৌশল উন্নত করার দায়িত্ব দেওয়া হয়েছে। বাতাস থেকে বায়ুবাহিত ব্যাকটেরিয়া অপসারণ এবং একইসঙ্গে এদের পুনরায় সংশ্লেষণ রোধ করার জন্য কোন প্রক্রিয়াটি সবচেয়ে কার্যকর?

A. নির্দিষ্ট সময় অন্তর বাতাসে রাসায়নিক জীবাণুনাশক স্প্রে করা।

B. ঘরের ভেতর নেগেটিভ প্রেশার তৈরি করা এবং HEPA ফিল্টারের মাধ্যমে বাতাস পরিশোধন করা।



C. দুর্গন্ধ ঢাকার জন্য নিয়মিত এয়ার ফ্রেশনার স্প্রে করা।

D. বাতাসের প্রবাহ বৃদ্ধির জন্য ফ্যান ব্যবহার করা।

Q55 Professional Ability

রিউম্যাটিক হার্ট ডিজিজে (RHD) হৃৎপিণ্ডের কোন কপাটিকা বা ভালভ সবচেয়ে বেশি আক্রান্ত হয়?

A. ট্রাইকাস্পিড ভালভ (Tricuspid valve)

B. অ্যাওর্টিক ভালভ (Aortic valve)

C. পালমোনারি ভালভ (Pulmonary valve)

D. মাইট্রাল ভালভ (Mitral valve)



Q56 Professional Ability

একজন 65 বছর বয়সী পুরুষ রোগী জ্বর এবং অতিরিক্ত পরিমাণে তরল ডায়রিয়ার সমস্যা নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। তার সাম্প্রতিক অতীতে অ্যান্টিবায়োটিক ব্যবহারের ইতিহাস রয়েছে। শারীরিক পরীক্ষার সময় তার পেটে সামান্য ব্যথা অনুভূত হয়েছে। এই রোগীর সেবা করার ক্ষেত্রে স্বাস্থ্যকর্মীদের প্রথম সারির সবচেয়ে উপযুক্ত সংক্রমণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কোনটি হওয়া উচিত?

A. হাতের সাধারণ পরিচ্ছন্নতা বজায় রাখা ছাড়া বিশেষ কোনো সতর্কতার প্রয়োজন নেই।

B. রোগীকে N95 মাস্কসহ শ্বাসকষ্টজনিত আইসোলেশনে (respiratory isolation) রাখা।

C. স্বাস্থ্যকর্মীদের প্রতিরোধমূলক অ্যান্টিভাইরাল থেরাপি (prophylactic antiviral therapy) প্রদান করা।

D. কন্টাক্ট প্রিকেশন (Contact precautions) গ্রহণ করা, যার মধ্যে গ্লাভস এবং গাউনের ব্যবহার অন্তর্ভুক্ত।



Q57 Professional Ability

রোগের স্বাভাবিক ইতিহাস (Natural History of Disease) সম্পর্কে নিম্নলিখিত কোনটি সত্য?

A. চিকিৎসার অভাবে, সময়ের সাথে সাথে একজন ব্যক্তির ক্ষেত্রে একটি রোগ প্রক্রিয়ায় প্রতিরোধ

B. চিকিৎসা সহ একটি জনগোষ্ঠীর মধ্যে একটি রোগ প্রক্রিয়া পর্যবেক্ষণ করা

C. চিকিৎসার মাধ্যমে সময়ের সাথে সাথে একজন ব্যক্তির মধ্যে একটি রোগকে বাড়িয়ে তোলা

D. চিকিৎসার অভাবে, সময়ের সাথে সাথে একজন ব্যক্তির ক্ষেত্রে একটি রোগ প্রক্রিয়ার ক্রমাগত বৃদ্ধি



Q58 Professional Ability

একটি ভূমিকম্প পরবর্তী উদ্ধার অভিযানের সময়, বেসামরিক প্রতিরক্ষা দলকে একটি অস্থায়ী আশ্রয়কেন্দ্রের পরিবেশগত স্যানিটেশন বজায় রাখার দায়িত্ব দেওয়া হয়েছে। দলটি লক্ষ্য করে যে, আশ্রয় কেন্দ্রের আশেপাশে খোলা জায়গায় মলত্যাগের ঘটনা ঘটছে, যা রোগ সংক্রমণের ঝুঁকি বাড়িয়ে দিচ্ছে। স্বাস্থ্যঝুঁকি কমানোর জন্য দলের পক্ষ থেকে সবার আগে কোন হস্তক্ষেপটি বাস্তবায়ন করতে হবে?

- A. আশ্রয়কেন্দ্রের চারপাশে কীটনাশক স্প্রে করা
- B. বাসিন্দাদের পানীয় জল ফুটিয়ে খাওয়ার নির্দেশ দেওয়া
- C. বাসিন্দাদের মধ্যে অতিরিক্ত কম্বল বিতরণ করা
- D. নির্দিষ্ট স্থানে নিরাপদ শৌচাগার এলাকা নির্মাণ করা ✓

Q59 Professional Ability

নিচের কোনটি দুর্ঘটনা ঝুঁকি হ্রাস কৌশলের সবচেয়ে ভালো উদাহরণ?

- A. TRIAGE
- B. উদ্ধার অভিযান
- C. ভূমিকম্প সহনশীল বিল্ডিং ✓
- D. প্রাথমিক চিকিৎসা

Q60 Professional Ability

একটি বড় শহরের হাসপাতাল পরিবেশগত ঝুঁকি কমাতে বিভিন্ন কঠিন বর্জ্য নিষ্কাশন পদ্ধতির মূল্যায়ন করেছে। দলটিকে ভূগর্ভস্থ জল দূষণ এবং বাতাসের গুণমান হ্রাস উভয় সম্ভাবনার কথা বিবেচনা করতে হবে। এই দূষণকারী প্রভাবগুলির জন্য কোন নিষ্কাশন পদ্ধতির সংমিশ্রণটি সবচেয়ে সাবধানে মূল্যায়ন করা উচিত?

- A. স্যানিটারি ল্যান্ডফিল এবং ইনসিনারেশন ✓
- B. শ্রেডিং এবং রিসাইক্লিং
- C. কম্পোস্টিং এবং উন্মুক্ত দহন
- D. অটোক্লেভিং এবং মাটির গভীরে পুঁতে দেওয়া

Q61 Professional Ability

65 বছর বয়সী এক রোগীর দেহে ইউরিনারি ক্যাথেটার লাগানো আছে, তার সংক্রমণ হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে। রোগীর ব্যবহৃত পুনঃব্যবহারযোগ্য বেডপ্যানটি জীবাণুমুক্ত করতে ইনফেকশন কন্ট্রোল নার্সকে নির্দেশ দেওয়া হয়েছে। জীবাণুনাশকের (disinfectants) শ্রেণিবিভাগ অনুযায়ী, রোগীর ঝুঁকি কমাতে পর্যাপ্ত জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে নার্সের কোন উপাদানটি নির্বাচন করা উচিত?

- A. হাইড্রোজেন পারক্সাইড
- B. অ্যালকোহল-ভিত্তিক দ্রবণ
- C. কোয়াটারনারি অ্যামোনিয়াম যৌগ
- D. ক্লোরিন-ভিত্তিক যৌগ ✓

Q62 Professional Ability

মজবুত দাঁতের বিকাশ এবং রক্ষণাবেক্ষণের জন্য কোন পুষ্টি উপাদানটি সবচেয়ে গুরুত্বপূর্ণ?

- A. ক্যালসিয়াম ✓
- B. ভিটামিন C
- C. ভিটামিন K
- D. ফ্লোরাইড

Q63 Professional Ability

নিচের কোন জোড়াটি করোনারি হার্ট ডিজিজ হওয়ার জন্য সর্বোচ্চ মডিফায়েবল রিস্ক বা পরিবর্তনযোগ্য ঝুঁকিকে নির্দেশ করে?

- A. অলস জীবনধারা এবং বয়স
- B. উচ্চ রক্তচাপ এবং হাইপারলিপিডেমিয়া ✓
- C. পারিবারে রোগের ইতিহাস এবং অলস জীবনধারা
- D. উচ্চ রক্তচাপ এবং বয়স

Q64 Professional Ability

একটি ঘনবসতিপূর্ণ শহরাঞ্চলে অবস্থিত স্কুল বাইরের বায়ুদূষণ এর কারণে সমস্যার সম্মুখীন হচ্ছে। স্কুল কর্তৃপক্ষ শিক্ষার্থীদের জন্য উন্নত অভ্যন্তরীণ বায়ুর গুণমান নিশ্চিত করতে চায়। এই প্রেক্ষাপটে কোন ধরনের ভেন্টিলেশন সিস্টেম সবচেয়ে উপযুক্ত?

- A. গ্র্যাভিটি-বেসড স্ট্যাক ভেন্টিলেশন
- B. বাতাস চালিত রুফ ভেন্টিলেটর
- C. খোলা জানালা দিয়ে প্রাকৃতিক বায়ুচলাচল
- D. এয়ার ফিল্ট্রেশন ব্যবস্থা সম্পন্ন মেকানিক্যাল সাপ্লাই ভেন্টিলেশন ✓

Q65 Professional Ability

ভারতে ইমিউনাইজেশন সেশনে টিকা পরিবহনের জন্য নিম্নলিখিত কোন সরঞ্জামটি সাধারণত ব্যবহৃত হয়?

- A. ডে কেরিয়ার
- B. ডিপ ফ্রিজার
- C. কোল্ড বক্স
- D. ভ্যাক্সিন কেরিয়ার ✓



Q66 Professional Ability

হাসপাতালের তরল বর্জ্য নিষ্কাশনের সবচেয়ে সাধারণ এবং প্রচলিত পদ্ধতি কোনটি?

- A. খোলা বাতাসে বাষ্পীভবন
- B. কঠিন বর্জ্যের সঙ্গে মেশানো
- C. শোধন প্ল্যান্টের সঙ্গে যুক্ত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ☒
- D. উন্মুক্ত স্থানে ফেলা

Q67 Professional Ability

একজন নার্স সার্জিক্যাল ওয়ার্ডে নতুন ভর্তি হওয়া রোগীর যত্ন নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন। স্বাস্থ্যসেবা-সম্পর্কিত সংক্রমণের ঝুঁকি কমানোর জন্য, রোগীর কক্ষে প্রবেশের আগে নার্সের সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন কাজটি করা উচিত?

- A. সার্জিক্যাল মাস্ক পরা
- B. জীবাণুমুক্ত গ্লাভস পরা
- C. হাতের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা ☒
- D. শুধুমাত্র স্টেথোস্কোপ জীবাণুমুক্ত করা

Q68 Professional Ability

একজন 35 বছর বয়সী পুরুষ তীব্র জ্বর, পেশীতে ব্যথা এবং দ্রুত ছড়িয়ে পড়া র্যাশ (Rash) নিয়ে জরুরি বিভাগে ভর্তি হয়েছেন। পরবর্তী 48 ঘণ্টায়, একই কর্মক্ষেত্রের আরও কয়েকজন ব্যক্তি একই রকম উপসর্গে আক্রান্ত হন। প্রাদুর্ভাব (Outbreak) তদন্তকারী দলের অংশ হিসেবে, একটি প্রাদুর্ভাবের অস্তিত্ব নিশ্চিত করার জন্য আপনার প্রথম পদক্ষেপটি কী হওয়া উচিত?

- A. রোগীদের সাম্প্রতিক ভ্রমণের ইতিহাস সম্পর্কে সাক্ষাৎকার নেওয়া
- B. সকল আক্রান্ত ব্যক্তিকে অবিলম্বে কোয়ারেন্টাইনে রাখা
- C. সেরোলজিক্যাল পরীক্ষার জন্য রক্তের নমুনা সংগ্রহ করা
- D. নজরদারি ডেটা পর্যালোচনা করে বর্তমান রোগীর সংখ্যাকে প্রত্যাশিত বেসলাইনের সাথে তুলনা করা ☒

Q69 Professional Ability

একটি কমিউনিটি ক্লিনিকের একজন রোগীর ক্রমাগত কাশি, হালকা জ্বর এবং সামান্য শরীরে ব্যথা দেখা দিচ্ছে। একজন স্বাস্থ্যকর্মী হিসেবে, সাধারণ বায়ুবাহিত রোগের বিস্তার রোধ করতে নিচের কোন প্রাথমিক পদক্ষেপটি গ্রহণ করা সবচেয়ে উপযুক্ত?

- A. রোগীকে কাশির সিরাপ দিয়ে বাড়িতে পাঠিয়ে দেওয়া।
- B. রোগীকে মাস্ক পরতে বলা এবং একটি আলাদা ওয়েটিং এরিয়াতে বসানো। ☒
- C. অবিলম্বে রোগীকে একজন বিশেষজ্ঞের কাছে রেফার করা।
- D. রোগীকে অন্যদের সাথে ওয়েটিং এরিয়াতে অপেক্ষা করতে বলা।

Q70 Professional Ability

মানুষের মলমূত্রের যথাযথ নিষ্কাশন (Proper disposal) প্রাথমিকভাবে কী প্রতিরোধের জন্য গুরুত্বপূর্ণ?

- A. শ্বাসকষ্টজনিত রোগ
- B. কলেরা এবং ডায়রিয়ার মতো জলবাহিত রোগ ☒
- C. শুধুমাত্র চর্মরোগ
- D. পুষ্টির অভাবজনিত রোগ

Q71 Professional Ability

নিচের কোন রোগগুলো পরিবেশগত স্যানিটেশনের উন্নতির মাধ্যমে প্রতিরোধ করা যায় না?

- A. ক্যান্সার এবং AIDS ☒
- B. ডায়রিয়া এবং আমাশয়
- C. ম্যালেরিয়া এবং ডেঙ্গু
- D. কলেরা এবং টাইফয়েড

Q72 Professional Ability

একটি উপ-শহর (peri-urban) এলাকায় যেখানে ইঁদুর এবং মশা—উভয়েরই উপদ্রব রয়েছে, সেখানে একজন স্যানিটেশন ম্যানেজারকে একটি সমন্বিত ভেক্টর নিয়ন্ত্রণ পরিকল্পনা তৈরি করতে হবে। উভয় রোগবাহী ভেক্টর নিয়ন্ত্রণে নিচের কোন পদক্ষেপটি সবচেয়ে কার্যকর হবে?

- A. ব্যক্তিগত পরিচ্ছন্নতা বিষয়ক অভ্যাসের ওপর জনশিক্ষাকে উৎসাহিত করা।
- B. গর্তে ইঁদুর মারার বিষ এবং জমে থাকা জলে লার্ভানাশক প্রয়োগের সমন্বয় করা। ☒
- C. সকল পরিবারে কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা।
- D. পরিবেশগত পরিষ্কার-পরিচ্ছন্নতার মাধ্যমে উৎসের বিনাশের ওপর সম্পূর্ণ আলোকপাত করা।

Q73 Professional Ability

ভারতে কবে ন্যাশনাল ভাইরাল হেপাটাইটিস কন্ট্রোল প্রোগ্রাম (NVHCP) চালু করা হয়েছিল?

- A. 2015
- B. 2016
- C. 2018 ☒
- D. 2017



Q74 Professional Ability

H5N1 এ 'H' এবং 'N' দ্বারা কী প্রকাশ করা হয়?

- A. হেমোরজিক এবং ন্যাসিট
- B. হেমাগ্লুটিনিন এবং নিউরামিনিডেস ☒
- C. হিমোগ্লোবিন এবং নিউরোলেপটিক
- D. হিউম্যান ও ন্যাচারাল

Q75 Professional Ability

প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে শরীরের কেন্দ্রীয় স্থূলতা (central adiposity) এবং এর সাথে যুক্ত বিপাকীয় ঝুঁকি (metabolic risk) মূল্যায়নের জন্য নীচের কোন নৃতাত্ত্বিক (anthropometric) পরিমাপটি সবচেয়ে সহায়ক?

- A. উচ্চতা
- B. কোমরের পরিধি ☒
- C. বডি মাস ইনডেক্স (BMI)
- D. ট্রাইসেপস স্কিনফোল্ড থিকনেস

Q76 Professional Ability

একজন ডায়েটিশিয়ান একজন রোগীর খাবারের তালিকা পর্যালোচনা করার সময় লক্ষ্য করলেন যে রোগী প্রায়ই ক্লান্তি অনুভব করেন এবং তার ক্ষত নিরাময় খুব ধীর গতিতে হচ্ছে। পুষ্টি উপাদানগুলো বিশ্লেষণের পর, কোন উপাদানের অভাব এর জন্য সবচেয়ে বেশি দায়ী হতে পারে?

- A. ভিটামিন A
- B. ভিটামিন C ☒
- C. ভিটামিন B12
- D. ভিটামিন D

Q77 Professional Ability

একজন জনস্বাস্থ্য কর্মকর্তা একটি শহরের গ্রিনহাউস প্রভাব এবং ক্রমবর্ধমান তাপমাত্রা বৃদ্ধির কারণগুলো মূল্যায়ন করছেন। নিচের কোন অনুশীলনটি সরাসরি গ্রিনহাউস প্রভাব বৃদ্ধি করে?

- A. যানবাহনের ক্রমবর্ধমান নির্গমন ☒
- B. শক্তি-সাশ্রয়ী আলো (Energy-efficient lighting) স্থাপন করা
- C. চিকিৎসা বর্জ্যের যথাযথ নিক্ষেপন
- D. নিয়মিত রাস্তা পরিষ্কার করা

Q78 Professional Ability

একজন স্যানিটারি হেলথ ইন্সপেক্টরকে বন্যার পরে স্থাপন করা একটি অস্থায়ী আশ্রয়কেন্দ্রে স্বাস্থ্যের মান নিশ্চিত করার দায়িত্ব দেওয়া হয়। আশ্রয়কেন্দ্রটিতে সীমিত জল সরবরাহ, জনাকীর্ণ ঘুমানোর জায়গা এবং অস্থায়ী রান্নার ব্যবস্থা রয়েছে। সংক্রামক রোগ ছড়ানোর ঝুঁকির কথা বিবেচনা করে, আশ্রয়কেন্দ্রের বাসিন্দাদের স্বাস্থ্য সুরক্ষার জন্য পরিদর্শককে প্রথমে কোন পদক্ষেপটি গ্রহণ করা উচিত?

- A. রান্না করা খাবার তৈরির তত্ত্বাবধান করা

- B. অস্থায়ী হাত ধোয়ার স্টেশন স্থাপন করা এবং খাবারের আগে ও শৌচাগার ব্যবহারের পরে সেগুলির ব্যবহার নিশ্চিত করা ☒

- C. আশ্রয়স্থলের চারপাশে অতিরিক্ত আবর্জনার পাত্র স্থাপন করা
- D. ঘুমানোর জায়গা পরিষ্কার করার ফ্রিকোয়েন্সি বাড়ানো

Q79 Professional Ability

একটি হাসপাতালের ইনফেকশন কন্ট্রোল টিম অপারেশন থিয়েটারে উৎপন্ন অ্যানাটমিক্যাল বর্জ্য নিষ্পত্তির পদ্ধতিগুলো পর্যালোচনা করছে। অ্যানাটমিক্যাল বায়োমেডিকেল বর্জ্যের জন্য কেন সাধারণত ইনসিনারেশন পদ্ধতি বেছে নেওয়া হয়, তা নিচের কোনটি সবচেয়ে ভালো ব্যাখ্যা করে?

- A. এটি সমস্ত ধরনের বর্জ্যের জন্য সবচেয়ে সাশ্রয়ী পদ্ধতি।

- B. এটি সংক্রামক পদার্থের সম্পূর্ণ ধ্বংস নিশ্চিত করে এবং বর্জ্যের পরিমাণ উল্লেখযোগ্যভাবে হ্রাস করে। ☒

- C. এটি সব ধরনের বায়োমেডিকেল বর্জ্য পুনর্ব্যবহার করার জন্য উপযুক্ত।
- D. এই প্রক্রিয়ার সময় কোনও বায়ু দূষক উৎপন্ন হয় না।

Q80 Professional Ability

ভারতে (কারখানা আইন অনুসারে) পেশাগত শব্দের নিরাপদ সীমা কত?

- A. 55 dB

- B. 8 ঘন্টার জন্য 90 dB ☒

- C. 8 ঘন্টার জন্য 120 dB

- D. 40 dB



Q81 Professional Ability

একটি ঘনবসতিপূর্ণ আবাসিক এলাকার কাছে একটি বড় ধরনের রাসায়নিক বিপর্যয়ের সময়, জনস্বাস্থ্য রক্ষায় সিভিল ডিফেন্স নীতি অনুসরণ করে একজন স্যানিটারি স্বাস্থ্যকর্মীর কোন পদক্ষেপটি সবচেয়ে উপযুক্ত?

- A. প্রাথমিক ক্ষয়ক্ষতির পরিমাণ মূল্যায়নের পর স্বাস্থ্যকর্মীদের ধাপে ধাপে সরিয়ে নেওয়া শুরু করা।
- B. জরুরি সংস্থাগুলোর সাথে সমন্বিতভাবে অবিলম্বে একটি শেল্টার-ইন-প্লেস নির্দেশিকা জারি করা। ✓
- C. সরকারি নির্দেশনার পাওয়ার আগে বেশি-ঝুঁকিসম্পন্ন গোষ্ঠীর মধ্যে স্বাস্থ্যসেবার সুরক্ষা সরঞ্জাম বিতরণ করা।
- D. বিপজ্জনক মাত্রার সীমা নিশ্চিত না হওয়া পর্যন্ত চলাচলের ওপর নিষেধাজ্ঞা প্রয়োগ করা।

Q82 Professional Ability

সিমুলেটেড কার্ডিয়াক অ্যারেস্ট ড্রিলের সময়, দুজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর একটি দল একজন প্রাপ্তবয়স্ক রোগীর উপর CPR করছেন। 2 মিনিট পর, কম্প্রেশন ক্লাস্ত হয়ে পড়েন এবং তার দেওয়া চাপের মান কমে যায়। এই পরিস্থিতিতে উচ্চ-মানের CPR বজায় রাখার সর্বোত্তম পদ্ধতি কোনটি?

- A. বিভ্রান্তি এড়াতে একই উদ্ধারকারীকে দিয়ে কাজ চালিয়ে যাওয়া
- B. প্রতি 30 টি কম্প্রেশনের পর 1 মিনিটের জন্য বিরতি দেওয়া
- C. ক্লাস্তি অনুভূত হওয়ার সাথে সাথে কম্প্রেশন এবং ভেন্টিলেশনের মধ্যে ভূমিকা পরিবর্তন করা ✓
- D. উদ্ধারকারীকে সুস্থ হওয়ার সুযোগ দেওয়ার জন্য কম্প্রেশনের হার কমিয়ে দেওয়া

Q83 Professional Ability

স্বাস্থ্যসেবা কর্মীরা কীভাবে নিডল স্টিকের আঘাতের ঝুঁকি কমাতে পারে?

- A. নিষ্কাশনের আগে নিডল বেন্ড করা
- B. সর্বদা উভয় হাত দিয়ে রিক্যাপ করা
- C. নিডল ডাস্টবিনে ফেলা
- D. ব্যবহৃত নিডল পুনঃব্যবহার করা এড়িয়ে চলা ✓

Q84 Professional Ability

একজন কমিউনিটি স্বাস্থ্যকর্মী একটি গ্রামীণ ক্লিনিকে বেশ কয়েকজন রোগীকে পর্যবেক্ষণ করছেন। রোগীর সেবা প্রদানের সময় সংক্রামক রোগের বিস্তার রোধ করার সঙ্গে কোন আচরণটি সবচেয়ে সরাসরি সম্পর্কিত?

- A. কাজের আগে হাত ধোয়া ✓
- B. নিয়মিত নখ কাটা
- C. পরিষ্কার ইউনিফর্ম পরা
- D. নিয়মিত স্নান

Q85 Professional Ability

একটি হাসপাতাল পরিদর্শনের সময় দেখা গেল যে, প্রতিষ্ঠানটির অপরিশোধিত পয়ঃবর্জ্য সরাসরি পাশের একটি নদীতে নির্গত হচ্ছে। জনস্বাস্থ্যের ওপর এই অভ্যাসের সবচেয়ে তাৎপর্যপূর্ণ প্রভাব কী হতে পারে?

- নদীর প্রবাহের অভিমুখে অবস্থিত জনবসতিপূর্ণ
- A. অঞ্চলগুলিতে জলবাহিত রোগের প্রাদুর্ভাবের ঝুঁকি বৃদ্ধি পাবে ✓
- B. হাসপাতাল চত্বরে গন্ধ হ্রাস পাওয়া
- C. হাসপাতাল এলাকায় মশার প্রজনন বৃদ্ধি পাওয়া
- D. নিষ্কাশনস্থলের কাছাকাছি মাটির উর্বরতা বৃদ্ধি পাওয়া

Q86 Professional Ability

নিম্নোক্ত কোনটি গ্রিন হাউস গ্যাসের উদাহরণ নয়?

- A. কার্বন ডাই অক্সাইড
- B. মিথেন
- C. অক্সিজেন ✓
- D. ক্লোরোফ্লুরোকার্বন

Q87 Professional Ability

গৃহস্থালির বর্জ্য ব্যবস্থাপনার সবচেয়ে ভালো পদ্ধতি কোনটি?

- A. দহন
- B. জৈব সার তৈরি ✓
- C. অটোক্লেভিং
- D. আবর্জনা স্তুপ করা

Q88 Professional Ability

নিচের কোন পদ্ধতিটি অংশগ্রহণমূলক এবং শিক্ষা ও বিনোদনের সমন্বয় ঘটায়?

- A. পথনাটক ✓
- B. প্যামফলেট
- C. পোস্টার
- D. লিফলেট



Q89 Professional Ability

বার্ন ইউনিটে চিকিৎসাধীন একজন অতি অল্প ওজনের নবজাতকের (Very low-birth-weight) IV ক্যানুলেশন করা প্রয়োজন। শিশুটির ত্বক অত্যন্ত কোমল এবং অ্যালকোহল বা আয়োডিনের মতো অ্যান্টিসেপটিক ব্যবহার করা যাচ্ছে না কারণ এতে ত্বকের ক্ষতি এবং বিষক্রিয়ার ঝুঁকি রয়েছে। এই পরিস্থিতিতে সংক্রমণের ঝুঁকি কমাতে সবচেয়ে উপযুক্ত পদক্ষেপ কোনটি?

- A. ক্যানুলেশন করার আগে গ্রাম স্টেনিং পদ্ধতির জন্য ত্বকের নমুনা পাঠানো।
- B. সব অণুজীব ধ্বংস করার জন্য একটি ফেনোলিক জীবাণুনাশক প্রয়োগ করা।
- C. অ্যাসেপটিক টেকনিক অনুসরণ করে স্টেরাইল নরমাল স্যালাইন দিয়ে আলতো করে ত্বক পরিষ্কার করা। ☒
- D. ত্বকে সাময়িকভাবে পোভিডোন-আয়োডিন প্রয়োগ করা এবং পরে আলতো করে মুছে ফেলা।

Q90 Professional Ability

আদমশুমারি কীভাবে স্বাস্থ্য নীতিকে প্রভাবিত করে?

- A. চিকিৎসকের বেতন নির্ধারণ করে
- B. জনসংখ্যার চাহিদার উপর ভিত্তি করে স্বাস্থ্য পরিষেবাগুলি পরিকল্পনা করতে সহায়তা করে ☒
- C. ওষুধের দাম নিয়ন্ত্রণ করে
- D. হাসপাতালের খরচ নির্ধারণ করে

Q91 Professional Ability

নিচের কোন দলগত শিক্ষণ পদ্ধতিতে সদস্যদের মধ্যে সক্রিয় অংশগ্রহণ এবং জ্ঞানের মুক্ত আদান-প্রদান ঘটে?

- A. দলগত আলোচনা ☒
- B. সিম্পোজিয়াম
- C. প্যানেল আলোচনা
- D. বক্তৃতা

Q92 Professional Ability

দীর্ঘমেয়াদী যত্ন কেন্দ্রে কন্টাক্ট প্রিকশন বা সংক্রমণের ঝুঁকি কমাতে নেওয়া সতর্কতাগুলোর কার্যকারিতা কোন বিষয়টি সবচেয়ে বেশি ব্যাহত করতে পারে?

- A. রোগীর ঘরের বাইরে সতর্কতা সম্পর্কিত সাইনবোর্ড লাগানো।
- B. সংক্রমণ প্রতিরোধ সম্পর্কে রোগীকে শিক্ষা প্রদান করা।
- C. সংক্রমিত রোগীদের জন্য একবার ব্যবহারযোগ্য (disposable) চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করা।
- D. কর্মীদের দ্বারা ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম ব্যবহারে ধারাবাহিকতার অভাব। ☒

Q93 Professional Ability

এক দম্পতি স্থায়ী নির্বীজন (permanent sterilization) করতে রাজি হন। এতে স্বাস্থ্য শিক্ষার নিম্নলিখিত নীতিগুলির মধ্যে কোনটির অবদান রয়েছে?

- A. ফিডব্যাক (Feedback)
- B. লার্নিং বাই ডুইং (Learning by doing)
- C. মোটিভেশন (Motivation) ☒
- D. নোন টু আননোন (Known to unknown)

Q94 Professional Ability

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি ইন্টিটিউশনাল এমারজেন্সি রেসপন্স সিস্টেমের অপরিহার্য উপাদান?

- A. শুধুমাত্র আর্থিক পরিকল্পনা এবং ব্যক্তিগত কাজের দিকে মনোনিবেশ করা
- B. ডিফাইন্ড কমান্ড স্ট্রাকচার, এফেক্টিভ কমিউনিকেশন চ্যানেল এবং স্ট্র্যাটেজিক রিসোর্স অ্যালোকেশন ☒
- C. শুধুমাত্র রুটিন মিটিং এবং ব্যক্তিগত প্রেফারেন্সগুলি পরিচালনা করা
- D. বিশেষভাবে প্রশাসনিক কাগজপত্র পরিচালনা এবং মিটিং পরিচালনা করা

Q95 Professional Ability

সার্জিক্যাল ওয়ার্ডে ওষুধের প্রতিরোধী ব্যাকটেরিয়া সংক্রমণের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে স্যানিটেশন কর্মীরা দুটি জীবাণুনাশকের মধ্যে একটিকে বেছে নেওয়ার সিদ্ধান্ত নিচ্ছেন। জীবাণুনাশক A স্পোর (spores) ধ্বংস করতে অত্যন্ত কার্যকর, কিন্তু জীবাণুনাশক B দ্রুত কাজ করলেও স্পোরের বিরুদ্ধে কম কার্যকর। সংক্রামক ব্যাধি মহামারী বিদ্যার (infectious disease epidemiology) নীতি অনুযায়ী, তারা কোনটি বেছে নেবেন এবং কেন?

- জীবাণুনাশক A — এটি ধীরগতিতে কাজ করলেও
- A. প্রতিরোধী জীবাণুগুলোকে নির্ভরযোগ্যভাবে নির্মূল করতে সক্ষম। ☒
- B. জীবাণুনাশক B — এটি নিয়মিত পরিবেশ পরিষ্কারের জন্য সাশ্রয়ী এবং ব্যবহারিক।
- C. জীবাণুনাশক B — এর দ্রুত কার্যকারিতার কারণে পরিষ্কার করার কাজ দ্রুত হয়।
- জীবাণুনাশক A বা B যেকোনো একটি — বেছে নেওয়া
- D. এজেন্টের চেয়ে ধারাবাহিক পরিচ্ছন্নতা প্রোটোকল বেশি গুরুত্বপূর্ণ।



Q96 Professional Ability

একটি কমিউনিটি হেলথ ইন্টারভেনশনে, আপনাকে বিদ্যালয়গামী শিশুদের (school-aged children) মধ্যে তীব্র শ্বাসযন্ত্রের সংক্রমণের জন্য একটি প্রতিরোধমূলক কর্মসূচি তৈরি করার দায়িত্ব দেওয়া হয়েছে। এই জনসংখ্যার মধ্যে সংক্রমণ কমাতে কোন কৌশলটি সবচেয়ে কার্যকর হবে?

- A. সকল শিক্ষার্থীকে মশারি বিতরণ করা
- B. শুধুমাত্র ভিটামিন A এর সাপ্লিমেন্টেশন সরবরাহ করা
- C. নিয়মিত হাত ধোয়া এবং শ্বাস-প্রশ্বাসের স্বাস্থ্যবিধির প্রচার করা ✓
- D. উপসর্গ নির্বিশেষে প্রতিদিন আউটডোর এক্সারসাইজ করতে উৎসাহিত করা

Q97 Professional Ability

কার্যকরভাবে হাত ধোয়ার জন্য প্রস্তাবিত সময়কাল কত?

- A. 5 মিনিট
- B. 5-10 সেকেন্ড
- C. 1 মিনিট
- D. 20-30 সেকেন্ড ✓

Q98 Professional Ability

একটি কমিউনিটি স্বাস্থ্য মূল্যায়নের সময়, একজন নার্স জেলার মধ্যে জন্ম, মৃত্যু এবং বিবাহের তথ্য সংগ্রহ করেন। তিনি তার দলকে ব্যাখ্যা করেন যে এই পরিসংখ্যানগুলি জনসংখ্যার স্বাস্থ্যের অবস্থা এবং প্রবণতা বুঝতে সাহায্য করে। নিম্নোক্ত কোন শব্দটি তিনি যে সমষ্টিগত তথ্যের কথা বলছেন, তাকে সর্বোত্তমভাবে বর্ণনা করে?

- A. ভাইটাল স্ট্যাটিস্টিকস ✓
- B. সেন্সাস ডেটা
- C. মরবিডিটি স্ট্যাটিস্টিকস
- D. এপিডেমিওলজিকাল সারভিলেন্স

Q99 Professional Ability

একটি ব্যস্ত জরুরী বিভাগে ব্যবহৃত শার্পগুলি ফেলার সময়, একজন নার্স লক্ষ্য করেন যে তার একজন সহকর্মী স্ট্যান্ডার্ড PPE প্রোটোকল অনুসরণ করছেন না। হাত এবং শরীর উভয়ের সুরক্ষার কথা বিবেচনা করে শার্পগুলি নিরাপদে পরিচালনা এবং ডিসপোজ করার জন্য PPE এর কোন সংমিশ্রণটি অপরিহার্য?

- A. হেভি-ডিউটি গ্লাভস এবং গাউন ✓
- B. সার্জিক্যাল মাস্ক এবং ক্যাপ
- C. ফেস শিল্ড এবং এপ্রন
- D. শু কভার এবং চশমা

Q100 Professional Ability

নিকাশি ব্যবস্থায় সেলফ ক্লিনজিং ভেলোসিটি এর মূল উদ্দেশ্য কী?

- A. পয়ঃনিষ্কাশনের প্রবাহকে ধীর করা
- B. পাইপের ভেতরে চাপ বৃদ্ধি করা
- C. ড্রেনে কঠিন বর্জ্যের সঞ্চয় রোধ করা ✓
- D. বিভিন্ন ধরনের বর্জ্য জলকে মিশ্রিত করা



General Ability

30 Questions • Answer Key

Q1 General Ability

MANAGER শব্দটির প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক পরের বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) তার ঠিক আগের বর্ণ দিয়ে প্রতিস্থাপিত করা হল। এভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কোন বর্ণটি ঠিক দু'বার উপস্থিত থাকবে?

A. K

B. F

C. N

D. M

Q2 General Ability

নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) ও (II) সংখ্যায়ুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। আপনাকে নির্ধারণ করতে হবে যে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।

প্রশ্ন: N, O, R, S এবং T এই 5টি গাছের প্রত্যেকটির দৈর্ঘ্য আলাদা।

কোন গাছটি সবচেয়ে লম্বা?

বিবৃতি:

(I) O শুধুমাত্র একটি গাছের থেকে খাটো। O গাছটি N এর থেকে লম্বা কিন্তু R এর থেকে খাটো।

(II) T এর থেকে N লম্বা।

A. শুধুমাত্র বিবৃতি II এর তথ্যই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, অন্যদিকে বিবৃতি I এর তথ্য যথেষ্ট নয়।

B. I ও II উভয় বিবৃতি যৌথভাবেও এই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

C. শুধুমাত্র বিবৃতি I এর তথ্যই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, অন্যদিকে বিবৃতি II এর তথ্য যথেষ্ট নয়।

D. I ও II উভয় বিবৃতি যৌথভাবে (বিবৃতি I বা বিবৃতি II এককভাবে নয়) এই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।

Q3 General Ability

একটি ভাগের গণিতে ভাজকটি হয় ভাগফলের 17 গুণ এবং ভাগশেষের 11 গুণ। যদি ভাগশেষটি 34 হয়, তাহলে ভাজ্য কত?

A. 8262

B. 8266

C. 8260

D. 8265

Q4 General Ability

প্রদত্ত সংখ্যা-জোড়গুলিতে, প্রথম সংখ্যাটির উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম সম্পাদন করে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। সংখ্যা-জোড়গুলি যে প্রকারে একে অপরের সঙ্গে সম্পর্কিত, সেই প্রকারে সম্পর্কযুক্ত সংখ্যা-জোড়টিকে বিকল্পগুলি থেকে চয়ন করুন।

(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অথগু সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

3 - 31

5 - 51

A. 2 - 11

B. 10 - 101

C. 9 - 81

D. 4 - 31

Q5 General Ability

কোন দলটি কেরালার বিপক্ষে ফাইনাল ম্যাচটি ড্র হওয়ার পর প্রথম ইনিংসের লিডের ভিত্তিতে 2024-25 রঞ্জি ট্রফির শিরোপা জয় করেছে?

A. বিদর্ভ

B. মুম্বাই

C. গুজরাট

D. সৌরাষ্ট্র

Q6 General Ability

প্রদত্ত যে $M : N = 5 : 4$ এবং $N : P = 4 : 7$ এবং P এবং M এর মধ্যে পার্থক্য 11 হলে, N এর মান নির্ণয় করুন।

A. 66

B. 44

C. 11

D. 22



Q7 General Ability

আলো যখন পর পর তিনটি ভিন্ন মাধ্যমের (বায়ু, জল এবং কাচ) মধ্য দিয়ে যায়, তখন কোন সূত্রটি আলোক রশ্মির চূড়ান্ত অভিমুখের পূর্বাভাস দিতে সাহায্য করে?

A. স্নেলের সূত্র



B. উপরিপাতের নীতি

C. মহাকর্ষ সূত্র

D. শক্তির নিত্যতা সূত্র

Q8 General Ability

একটি পরমাণুর আকার প্রধানত কিসের উপর নির্ভর করে?

A. নিউক্লিয়াস এবং ইলেকট্রনের মধ্যবর্তী দূরত্ব

B. নিউট্রনের সংখ্যা

C. প্রোটনের সংখ্যা



D. সমস্থানিকের সংখ্যা

Q9 General Ability

যদি একটি ঘনকের আয়তন $27,000 \text{ m}^3$ হয়, তবে ঘনকটির সমগ্রতলের ক্ষেত্রফল m^2 এ নির্ণয় করুন।

A. 5351

B. 5438

C. 5403

D. 5400

**Q10 General Ability**

আবাসস্থল সংরক্ষণ এবং নির্দিষ্ট প্রজাতি-ভিত্তিক ব্যবস্থাপনার মাধ্যমে ভারতের বন্যপ্রাণী সংরক্ষণ ও সুরক্ষার জন্য নিচের কোন সরকারি উদ্যোগটি বিশেষভাবে গ্রহণ করা হয়েছে?

A. অপারেশন ফ্লাড

B. স্বচ্ছ ভারত মিশন

C. প্রজেক্ট টাইগার



D. প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা

Q11 General Ability

P একটি ল্যাপটপ Q এর কাছে 40% ক্ষতিতে বিক্রি করে এবং Q সেই ল্যাপটপটি R এর কাছে 25% লাভে বিক্রি করে। যদি R ল্যাপটপটি ₹8946 মূল্যে ক্রয় করে থাকে, তবে P এর ক্ষেত্রে ল্যাপটপটির ক্রয়মূল্য (₹ এ) কত?

A. 12122

B. 11928



C. 12138

D. 11981

Q12 General Ability

একটি সংস্থা তার প্যাকেজিংয়ের উপাদান থেকে দীর্ঘমেয়াদী পরিবেশ দূষণ কমাতে চায়। ক্রমাগত পরিবেশগত ক্ষতি এড়াতে কোন উপাদানটি বেছে নিতে হবে?

A. এমন একটি উপাদান যা প্রাকৃতিক উপায়ে পচনশীল হতে পারে



B. একটি উপাদান যা বাস্তুতন্ত্রের জন্য ক্ষতিকারক

C. একটি উপাদান যা নিষ্ক্রিয় এবং জীবের সঙ্গে মিথস্ক্রিয়া করে না

D. এমন একটি উপাদান যা কয়েক দশক ধরে অপরিবর্তিত থাকে

Q13 General Ability

18শ শতাব্দীর শেষের দিকে নিচের কোন শহরটি ব্রিটিশ শাসিত ভারতের রাজধানী হয়?

A. দিল্লি

B. কলকাতা



C. মাদ্রাজ

D. বোম্বে

Q14 General Ability

সাতটি বাক্স H, I, J, P, Q, R এবং S কে একে অপরের উপরে রাখা হয়েছে কিন্তু উল্লিখিত ক্রমে রাখা হয়নি।

H কে রাখা হয়েছে নিচ থেকে দ্বিতীয় স্থানে। H এবং S এর মাঝে কেবল তিনটি বাক্স রাখা হয়েছে। J কে রাখা হয়েছে H এর নিচে কোনো একটি স্থানে। কেবল Q কে রাখা হয়েছে S এবং R এর মাঝে। P কে রাখা হয়েছে S এর উপরে কোনো একটি স্থানে। J এবং P এর মাঝে কতগুলি বাক্স রাখা হয়েছে?

A. চারটি

B. তিনটি

C. পাঁচটি



D. একটি



Blackbook Vocabulary — Now in the App!

Download Now on Google Play

Q15 General Ability **ENGLISH**

The testes are located in the _____ because sperm formation requires a lower temperature than the normal body temperature.

- A. abdomen
- B. prostate
- C. scrotum
- D. bladder

Q16 General Ability

লন্ডন বিশ্ববিদ্যালয় 2025 সালের নভেম্বরে তার প্রতিষ্ঠা দিবসে কোন ভারতীয়কে ডক্টর অফ সায়েন্স (অর্থনীতি) সম্মানসূচক ডিগ্রি প্রদান করে?

- A. কুমার মঙ্গলম বিড়লা
- B. নন্দন নিলেকানি
- C. আজিম প্রেমজি
- D. গৌতম আদানি

Q17 General Ability

কোন মৌলিক অধিকারটি মনুষ্য ক্রয়-বিক্রয়, বলপূর্বক শ্রম এবং সংকটজনক কর্মে শিশুদের নিয়োগকে স্পষ্টভাবে নিষিদ্ধ করে?

- A. সমতাধিকার
- B. শোষণ থেকে ত্রাণের অধিকার
- C. শিক্ষার অধিকার
- D. স্বাধীনতার অধিকার

Q18 General Ability

সূর্যালোকের উপস্থিতিতে, খুব দ্রুত বিক্রিয়ায় হাইড্রোকার্বনে ক্লোরিন যোগ করা হয়। ক্লোরিন হাইড্রোজেন পরমাণুগুলিকে একের পর এক প্রতিস্থাপন করতে পারে। একে _____ বিক্রিয়া বলে।

- A. অপসারণ
- B. প্রতিস্থাপন
- C. সংযোজন
- D. অপনয়ন

Q19 General Ability

একটি উত্তল লেন্স দ্বারা লেন্স থেকে 20 cm দূরে অবস্থিত একটি পর্দায় একটি অবশীর্ষ সদবিশ্ব গঠিত হয় এবং বস্তুটি লেন্স থেকে 30 cm দূরে স্থাপন করা হয়, তবে লেন্সের সূত্র অনুসারে লেন্সের ফোকাস দৈর্ঘ্য কত?

- A. ফোকাস দৈর্ঘ্য 10 cm
- B. ফোকাস দৈর্ঘ্য 12 cm
- C. ফোকাস দৈর্ঘ্য 20 cm
- D. ফোকাস দৈর্ঘ্য 15 cm

Q20 General Ability

কোন প্রতিষ্ঠানটি NIRF র‍্যাঙ্কিং 2025 এ শীর্ষ স্থান অর্জন করে, টানা সাত বছর ধরে এই অবস্থান বজায় রেখেছে?

- A. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি দিল্লি
- B. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি বোম্বে
- C. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি মাদ্রাজ
- D. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স বেঙ্গালুরু

Q21 General Ability

প্রদত্ত চারটি বর্ণ-গুচ্ছের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বর্ণ-গুচ্ছটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছ উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

- A. VPLI
- B. UOKH
- C. QKGD
- D. KFAX

Q22 General Ability

ইস্টের অবাত শ্বসনের সময়, পাইরুভেট রূপান্তরিত হয়ে নিচের কোন পদার্থগুলি উৎপন্ন করে?

- A. ল্যাকটিক অ্যাসিড ও জল
- B. কার্বন ডাই অক্সাইড ও জল
- C. ইথানল ও কার্বন ডাই অক্সাইড
- D. গ্লুকোজ ও অক্সিজেন



Q23 General Ability

2025 সালের নভেম্বরে কোন সম্মেলনে ভারতের টেলিকম উদ্ভাবন এবং 6G ভিশনকে বিশেষভাবে তুলে ধরা হয়েছিল?

- A. ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন ডেভেলপমেন্ট কনফারেন্স (WTDC-25)
- B. গ্লোবাল সাইবার সিকিউরিটি সামিট 2025
- C. ইন্টারন্যাশনাল ভারত 6G ভিশন অ্যান্ড ফিউচার নেটওয়ার্কস সামিট 2025
- D. ইমার্জিং সায়েন্স, টেকনোলজি অ্যান্ড ইনোভেশন কনক্লেভ (ESTIC) 2025 ✓

Q24 General Ability

ইন্ডিয়ান মিনারেল ইন্ডাস্ট্রি অ্যাট আ গ্ল্যাস, বার্ষিক প্রতিবেদন 2022-23 অনুযায়ী, 2022-2023 অর্থবর্ষে ভারতের কোন রাজ্য খনিজ উৎপাদনে (পারমাণবিক এবং জ্বালানি খনিজ ব্যতীত) সর্বোচ্চ মোট মূল্য নথিভুক্ত করেছে?

- A. রাজস্থান
- B. ছত্তিশগড়
- C. ওড়িশা ✓
- D. কর্ণাটক

Q25 General Ability

কোন সংমিশ্রণের ফলে শুধুমাত্র লবণ ও জল উৎপন্ন হয়?

- A. নাইট্রিক অ্যাসিড এবং কার্বন ডাই অক্সাইড
- B. হাইড্রোক্লোরিক অ্যাসিড এবং ক্যালসিয়াম কার্বনেট
- C. সালফিউরিক অ্যাসিড এবং পটাসিয়াম হাইড্রক্সাইড ✓
- D. সোডিয়াম হাইড্রক্সাইড এবং অক্সিজেন

Q26 General Ability

A এবং B একসঙ্গে 9 দিনে একটি কাজ শেষ করতে পারে। যদি A একা 12 দিনে কাজটি শেষ করতে পারে, তবে B একা _____ দিনে ওই কাজের এক তৃতীয়াংশ করতে পারে।

- A. 48
- B. 12 ✓
- C. 36
- D. 24

Q27 General Ability

একটি বাস্কের উপর 20 N বল ক্রিয়াশীল হ'লে বাস্কটি একটি অনুভূমিক মেঝেতে বলের অভিমুখে 5 m দূরত্ব অতিক্রম করে। বল দ্বারা সম্পাদিত কার্যের পরিমাণ কত?

- A. 100 J ✓
- B. 400 J
- C. 50 J
- D. 25 J

Q28 General Ability

0.5 kg ভরের একটি গোলকের ত্বরণের মান 4 m/s^2 হয়। যদি 1 kg ভরের দ্বিতীয় একটি গোলকে সমান ত্বরণ অর্জন করতে হয়, তবে দ্বিতীয় গোলকটিতে প্রযুক্ত বল কত হতে হবে?

- A. 2.5 N
- B. 2 N
- C. 0.5 N
- D. 4 N ✓

Q29 General Ability

2014 থেকে 2023 সাল পর্যন্ত ভারতের জাতীয় মহাসড়ক (NH) নেটওয়ার্কের দৈর্ঘ্য কত শতাংশ বৃদ্ধি পেয়েছে?

- A. 70%
- B. 50%
- C. 40%
- D. 60% ✓

Q30 General Ability

নিচের কোন ব্যক্তি পৌর কমিশনারদের নিয়োগ করেন?

- A. ভারতের রাষ্ট্রপতি
- B. হাইকোর্টের প্রধান বিচারপতি
- C. ভারতের উপরাষ্ট্রপতি
- D. রাজ্য সরকার ✓



Q31 Professional Ability

নার্সিং অনুশীলনে গবেষণার প্রয়োগের প্রেক্ষাপটে, পদ্ধতিগত পর্যালোচনা থেকে প্রাপ্ত ক্লিনিক্যাল নির্দেশিকাগুলির প্রধান ভূমিকা কী?

- A. এগুলি সমস্ত নার্সিং হস্তক্ষেপের জন্য আইনি আবশ্যিকতা হিসেবে কাজ করে
- B. এগুলি প্রমাণ-ভিত্তিক সুপারিশ প্রদান করে ✓
- C. এগুলি চলমান পেশাগত শিক্ষার বিকল্প হিসেবে কাজ করে
- D. এগুলি ক্লিনিক্যাল বিচার-বিবেচনার প্রয়োজনীয়তাকে প্রতিস্থাপন করে

Q32 Professional Ability

দুর্বল শ্রবণশক্তির উদাহরণ কী?

- A. বোঝা গেছে বোঝাতে মাথা নাড়ানো
- B. বক্তাকে বাধা দেওয়া ✓
- C. চোখে চোখ রাখা বজায় রাখা
- D. পরিষ্কারভাবে বোঝার জন্য প্রশ্ন জিজ্ঞাসা করা

Q33 Professional Ability

শারীরবৃত্তীয় এবং মনস্তাত্ত্বিক দিক থেকে বিবেচনা করলে নিচের কোন দুটি বিষয় একজন ব্যক্তির পুষ্টিগত অবস্থাকে (Nutritional status) প্রভাবিত করতে পারে?

- A. শারীরিক পরিশ্রম এবং ভৌগোলিক অবস্থান
- B. খাদ্যের মূল্য এবং জলবায়ু
- C. ক্ষুধার পরিবর্তন এবং সাংস্কৃতিক বিশ্বাস
- D. পরিপাক ক্ষমতা এবং মানসিক অবস্থা ✓

Q34 Professional Ability

বর্ধিত ইন্ট্রাক্যানিয়াল চাপ সহ রোগীর চিকিৎসার সময়, রোগীর নিরাপত্তা বৃদ্ধি এবং জটিলতা কমাতে নার্সের কোন সমন্বয়মূলক পদক্ষেপগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত?

- A. রোগীর বিছানার মাথার দিকটি উঁচু করে দেওয়া এবং গুরুত্বপূর্ণ লক্ষণগুলি পর্যবেক্ষণ করা ✓
- B. রোগীর মাথায় বরফের প্যাক রাখা এবং চলাচল সীমিত করা
- C. কাশি এবং গভীর শ্বাস-প্রশ্বাসের ব্যায়াম উৎসাহিত করা
- D. রোগীকে সমতল রাখা এবং তরল পান করানো

Q35 Professional Ability

একজন নার্স একজন রোগীর বর্জন প্রক্রিয়া (elimination needs) মূল্যায়ন করছেন যার সম্প্রতি একটি কোলোস্টোমি (colostomy) করা হয়েছে। রোগীকে নিজের যত্ন নিজে নিতে (self-care) উৎসাহিত করার জন্য নিচের কোন কাজটি সর্বোত্তম অনুশীলন হিসেবে বিবেচিত হবে?

- A. রোগীকে অস্টোমি পরিচর্যা (ostomy care) পর্যবেক্ষণ করতে এবং এতে অংশগ্রহণ করতে উৎসাহিত করা ✓
- B. অস্টোমি ব্যবস্থাপনা বা নিয়ন্ত্রণ সংক্রান্ত আলোচনা এড়িয়ে যাওয়া
- C. উদ্বেগ বা দুশ্চিন্তা কমানোর জন্য রোগীর অংশগ্রহণকে সীমিত রাখা
- D. রোগীর অস্টোমি সংক্রান্ত সমস্ত যত্ন নিজে সম্পাদন করা

Q36 Professional Ability

জনস্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে, স্বাস্থ্যপরিষেবা প্রদানে রোগ প্রতিরোধে নার্সরা কীভাবে সবচেয়ে কার্যকরভাবে অবদান রাখতে পারেন?

- A. টিকা প্রদান এবং স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে। ✓
- B. শুধুমাত্র চিকিৎসার ওপর গুরুত্ব দিয়ে।
- C. শুধুমাত্র ওষুধ বিতরণ করে।
- D. সমস্ত রোগ প্রতিরোধমূলক কাজ চিকিৎসকদের ওপর অর্পণ করে।

Q37 Professional Ability

ঋতুচক্রের শেষের দিকে যখন ইস্ট্রোজেন এবং প্রোজেস্টেরন হরমোনের মাত্রা কমে যায়, তখন সাধারণত কী ঘটে?

- A. জরায়ুর আন্তরণ পুরু হয়ে যায়
- B. ঋতুস্রাব শুরু হয় ✓
- C. ডিম্বস্ফোটন শুরু হয়
- D. ফলিকল পরিপক্ব হয়



Q38 Professional Ability

5 বছর বয়সী একজন শিশুর অ্যাকিউট ব্রঙ্কোস্পাজম (acute bronchospasm) এর জন্য নেবুলাইজেশন প্রেসক্রাইব করা হয়েছে। নেবুলাইজেশনের সময় ওষুধটি সঠিকভাবে পৌঁছানোর জন্য নিচের কোন নার্সিং পদক্ষেপটি সবচেয়ে কার্যকর?

- A. নেবুলাইজেশনের সময় শিশুটিকে সুপাইন পজিশনে রাখা।
- B. নেবুলাইজেশন চলাকালীন শিশুকে খাবার খাওয়ার অনুমতি দেওয়া।
- C. নেবুলাইজেশনের সময় শিশুটি যাতে ধীরে ধীরে এবং গভীরভাবে শ্বাস নেয় তা নিশ্চিত করা।
- D. প্রতিবার শ্বাস নেওয়ার পর শিশুকে কয়েক সেকেন্ড শ্বাস আটকে রাখতে বলা।

Q39 Professional Ability

যখন শিফট পরিবর্তনের সময় ওষুধের রেকর্ডে কোনো গরমিল (discrepancy) পাওয়া যায়, তখন একজন নার্সের জন্য সবচেয়ে ঠিক পদক্ষেপ কোনটি?

- A. রেকর্ড মুছে ফেলা
- B. গরমিল উপেক্ষা করা
- C. পরবর্তী শিফটের নার্সকে জানানোর জন্য অপেক্ষা করা
- D. অবিলম্বে তত্ত্বাবধায়কের (supervisor) কাছে রিপোর্ট করা

Q40 Professional Ability

একজন নার্স একটি সম্প্রদায়কে খাদ্যে ভেজাল (food adulteration) সম্পর্কে শিক্ষিত করছেন। ভেজালযুক্ত খাদ্য গ্রহণ রোধে কোন পদক্ষেপটি সবচেয়ে ভালো ভূমিকা পালন করে?

- A. খাবারের লেবেল পড়া এবং স্থানীয় বাজার থেকে কেনাকাটা করা
- B. উচ্চ তাপমাত্রায় খাবার রান্না করা এবং খাবারের অবশিষ্টাংশ রেফ্রিজারেটরে সংরক্ষণ করা
- C. ফল এবং শাকসবজি ভালোভাবে ধুয়ে প্লাস্টিকের পাত্রে সংরক্ষণ করা
- D. ব্র্যান্ডেড পণ্য কেনা এবং স্ট্যান্ডার্ড সার্টিফিকেশন মার্ক পরীক্ষা করা

Q41 Professional Ability

গ্রাম পর্যায়ে ICDS প্রকল্প বাস্তবায়নের মূল দায়িত্ব কার ওপর ন্যস্ত থাকে?

- A. আশা (ASHA) কর্মী
- B. ব্লক উন্নয়ন আধিকারিক
- C. অঙ্গনওয়াড়ি কর্মী
- D. বিদ্যালয়ের শিক্ষক

Q42 Professional Ability

রাজ্য সরকার স্বাস্থ্যসেবা প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান বৈষম্য দূর করতে চায়। জাতীয় স্বাস্থ্য নীতি অনুযায়ী, তাদের প্রথমে কোন উদ্যোগটি বাস্তবায়ন করতে হবে?

- A. প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রমের পরিধি সম্প্রসারণ
- B. শহর এলাকায় মেডিকেল কলেজ স্থাপন করা
- C. নতুন ওষুধ শিল্প বা ফার্মাসিউটিক্যাল শিল্পের উন্নয়ন
- D. বেসরকারি বিমা ব্যবস্থার প্রসার ঘটানো

Q43 Professional Ability

একটি 'পাঁচ বছরের কম বয়সীদের' (Under-five) ক্লিনিকে একজন নার্স লক্ষ্য করলেন যে, একটি শিশুর শারীরিক বৃদ্ধি গড়ের তুলনায় কম এবং তার টিকাকরণও ঠিকমতো হয়নি। এই পরিস্থিতিতে নার্সের সবচেয়ে উপযুক্ত পদক্ষেপ কোনটি হবে?

- A. শিশুটিকে তৃতীয় পর্যায়ের স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া
- B. ফলো-আপের জন্য শিশুটিকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে পাঠানো
- C. অবিলম্বে হাসপাতালে ভর্তি হওয়ার পরামর্শ দেওয়া
- D. পুষ্টি ও টিকাদানের বিষয়ে পিতামাতাকে পরামর্শ দেওয়া

Q44 Professional Ability

একজন ব্যক্তির উত্তপ্ত কোনো বস্তুর স্পর্শ লাগলে তাৎক্ষণিকভাবে হাত সরিয়ে নেওয়ার ক্ষেত্রে কোন ধরনের স্নায়ু প্রাথমিকভাবে পেশিতে উদ্দীপনা বা নির্দেশ পাঠায়?

- A. স্বয়ংক্রিয় স্নায়ু
- B. ইন্টারনিউরন
- C. সংজ্ঞাবহ স্নায়ু
- D. মোটর স্নায়ু

Q45 Professional Ability

বাখম্যানের বান্ডিল (Bachmann's bundle) কে নিচের কোনটির বর্ধিত অংশ হিসেবে বিবেচনা করা হয় এবং এর প্রধান কাজ কী?

- A. মিডল ইন্টারনোডাল ট্র্যাক্ট ; AV নোডে ইমপালস পরিবহনের গতি কমিয়ে দেওয়া।
- B. অ্যাট্রিওভেন্ট্রিকুলার (AV) বান্ডিল; ভেন্ট্রিকুলার ডিপোলারাইজেশন করা।
- C. পোস্টেরিয়র ইন্টারনোডাল ট্র্যাক্ট ; SA নোড ইমপালস শুরু করা।
- D. অ্যান্টেরিওর ইন্টারনোডাল ট্র্যাক্ট ; বাম অলিন্দকে সক্রিয় করা।



Q46 Professional Ability

কমিউনিটি স্বাস্থ্য শিক্ষা অধিবেশনের পরিকল্পনা করার সময়, একজন নার্স কেন প্যাম্ফলেটের (pamphlets) পরিবর্তে পোস্টার বেছে নেবেন?

- A. প্যাম্ফলেট সর্বদা বেশি ব্যয়বহুল
- B. পোস্টারগুলি প্রতিবার পুনঃব্যবহার করা যেতে পারে
- C. পোস্টারগুলির ক্ষেত্রে বিস্তারিত ব্যাখ্যা প্রয়োজন
- D. সীমিত সাক্ষরতার বৃহৎ গোষ্ঠীর জন্য পোস্টারগুলি বেশি কার্যকর ☒

Q47 Professional Ability

ব্যক্তিদের পারস্পরিক আদান-প্রদান এবং 'আমরা' বা একাত্মতার অনুভূতি (we-feeling) নিচের কোনটির উপাদান/বৈশিষ্ট্য?

- A. ব্যক্তিত্ব
- B. সমাজ ☒
- C. নেতা
- D. স্বাধীনতা

Q48 Professional Ability

একজন নার্সকে সদ্য নির্ণয় হওয়া উচ্চ রক্তচাপের রোগীদের ওষুধের প্রেক্ষিপন মেনে চলা সম্পর্কে শেখানোর দায়িত্ব দেওয়া হয়। কোন পদ্ধতি কার্যকর শিক্ষার দায়িত্বকে প্রতিফলিত করে?

- A. রোগীদের, বাড়িতে নির্দেশাবলী অনুসরণ করতে বলা
- B. রোগীদের কাছে ওষুধের নির্দেশাবলী জোরে জোরে পাঠ করা
- C. রোগীর ওষুধের পরিকল্পনা (medication plan) ব্যাখ্যা করার ক্ষমতা মূল্যায়ন করা ☒
- D. প্রত্যেক রোগীর কাছে ওষুধের তালিকা হস্তান্তর করা

Q49 Professional Ability

তৃতীয় ট্রাইমেস্টারে একজন গর্ভবতী মহিলা বুকজ্বালার (heartburn) সমস্যায় ভুগছেন। এই সাধারণ সমস্যাটি নিয়ন্ত্রণে নিচের কোন পদ্ধতিটি সবচেয়ে উপযুক্ত?

- A. রাতের খাবার না খাওয়া এবং ক্যাফেইনের পরিমাণ বাড়িয়ে দেওয়া।
- B. অল্প অল্প করে বারবার খাওয়া এবং মশলাযুক্ত খাবার এড়িয়ে চলা। ☒
- C. খাবারের সঙ্গে কার্বনেটেড পানীয় পান করা।
- D. একবারে বেশি করে খাওয়া এবং খাওয়ার পরপরই শুয়ে পড়া।

Q50 Professional Ability

ক্রূণের কোন অবস্থানটি (Fetal position) ম্যালপজিশনের কারণে দীর্ঘায়িত প্রসব (Prolonged labor) প্রক্রিয়ার সঙ্গে সবচেয়ে বেশি সম্পর্কিত?

- A. ট্রান্সভার্স লাই (Transverse lie)
- B. ব্রিচ প্রেজেন্টেশন (Breech presentation)
- C. অক্সিপিটো-পোস্টেরিয়র পজিশন (Occipito-posterior position) ☒
- D. অক্সিপিটো-অ্যান্টেরিয়র পজিশন (Occipito-anterior position)

Q51 Professional Ability

রেকর্ড রাখার (Maintaining records) ক্ষেত্রে নিচের কোনটি ঠিক পদ্ধতি নয়?

- A. রেকর্ড গোপন রাখা
- B. দ্রুত তথ্য রেকর্ডিং করা
- C. স্পষ্টভাবে এবং সুস্পষ্টভাবে লেখা
- D. ভুল মুছে ফেলার জন্য সংশোধক তরল (correction fluid) ব্যবহার করা ☒

Q52 Professional Ability

একটি জটিল অস্ত্রোপচারের সময়, সার্জিক্যাল টিম বুঝতে পারে যে একটি গুরুত্বপূর্ণ সরঞ্জাম হল ত্রুটিপূর্ণ। অপারেশন থিয়েটার সরবরাহের দায়িত্বে থাকা নার্সের জন্য সবচেয়ে উপযুক্ত পদক্ষেপ কী?

- A. অবিলম্বে সার্জকে জানানো এবং একটি জীবাণুমুক্ত ব্যাকআপ সরবরাহ করা ☒
- B. প্রক্রিয়াটি শেষ হওয়ার পরে সরঞ্জামটি প্রতিস্থাপন করা
- C. সমস্যাটি উপেক্ষা করা এবং প্রক্রিয়াটি চালিয়ে যাওয়া
- D. প্রক্রিয়া চলাকালীন সরঞ্জামটি ঠিক করার চেষ্টা করা

Q53 Professional Ability

ক্যারোটাইড সাইনাস (Carotid sinus) এবং অ্যাওর্টিক আর্কে (Aortic arch) অবস্থিত ব্যারোরেসেপ্টরগুলির (Baroreceptors) প্রধান কাজ কী?

- A. গ্যাসীয় আদান-প্রদান সহজতর করা।
- B. লোহিত রক্তকণিকা তৈরি করা।
- C. রক্তচাপের পরিবর্তন পর্যবেক্ষণ করা। ☒
- D. হৃদপিণ্ডের সংকোচন নিয়ন্ত্রণ করা।



Q54 Professional Ability

জন্মের 24 ঘণ্টা পর একটি সুস্থ নবজাতকের হালকা জন্ডিস ধরা পড়েছে। এক্ষেত্রে সর্বোত্তম প্রাথমিক নার্সিং পদক্ষেপ কী হবে?

- A. স্তন্যপান করানো বন্ধ করা এবং ডাক্তারকে জানানো
- B. অবিলম্বে ফটোথেরাপি শুরু করা
- C. ইন্ট্রাভেনাস ফ্লুইড দেওয়া
- D. নিয়মিত খাওয়ানো চালিয়ে যাওয়া এবং জন্ডিস পর্যবেক্ষণ করা ☒

Q55 Professional Ability

স্বাস্থ্যসেবা ক্ষেত্রে, হাতের পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং পার্সোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট (PPE) ব্যবহারের সমন্বয় অ্যাসেসপিসের কোন নীতিটি প্রদর্শন করে?

- A. শুধুমাত্র একটি জীবাণুমুক্ত ক্ষেত্র বজায় রাখা
- B. ক্রস-কন্টামিনেশন প্রতিরোধ করা ☒
- C. বর্জ্য পদার্থের অপসারণ করা
- D. সংক্রমণ হওয়ার পরে চিকিৎসা করা

Q56 Professional Ability

হাসপাতালের অগ্নি নিরাপত্তা নীতির প্রেক্ষাপটে RACE এর পূর্ণরূপ কী?

- A. রেসকিউ, অ্যাক্ট, কনটেইন, এক্সিট (Rescue, Act, Contain, Exit)
- B. রিপোর্ট, অ্যাক্ট, কন্ট্রোল, ইল্যাবোরেট (Report, Act, Control, Elaborate)
- C. রেসকিউ, অ্যালার্ম, কনফাইন, এক্সটিনগুইশ (Rescue, Alarm, Confine, Extinguish) ☒
- D. রান, অ্যালার্ম, কল, ইভ্যাকুয়েট (Run, Alarm, Call, Evacuate)

Q57 Professional Ability

একজন রোগীর মনোজাইগোটিক মনোঅ্যামনিওটিক (monozygotic monoamniotic) যমজ সন্তান নির্ণয় করা হয়েছে। এই রোগ নির্ণয়ের সবচেয়ে সঠিক ব্যাখ্যা কোনটি?

- A. যেই যমজ দু'টি নিষিক্ত ডিম্বাণু থেকে তৈরি হয় এবং একটি প্ল্যাসেন্টা ভাগ করে নেয়।
- B. যেই যমজ একটি একক নিষিক্ত ডিম্বাণু থেকে তৈরি হয় এবং প্ল্যাসেন্টা ও অ্যামনিওটিক থলি (amniotic sac)— উভয়ই ভাগ করে নেয়। ☒
- C. যেই যমজ একটি একক নিষিক্ত ডিম্বাণু থেকে তৈরি হয় এবং প্রত্যেকের আলাদা আলাদা প্ল্যাসেন্টা থাকে।
- D. যেই যমজ দু'টি নিষিক্ত ডিম্বাণু থেকে তৈরি হয় এবং প্রত্যেকের আলাদা আলাদা প্ল্যাসেন্টা (placenta) থাকে।

Q58 Professional Ability

দ্বিতীয় ত্রৈমাসিকের পুনরাবৃত্ত গর্ভপাতের ইতিহাস সহ একজন রোগীর MRI করা হয়। স্ক্যানটি দুটি স্বতন্ত্র শিং সহ একটি হৃদয় আকৃতির জরায়ু গহ্বর দেখায়। সম্ভাব্য রোগটি কী?

- A. বাইকোনিউয়েট জরায়ু ☒
- B. ইউনিকার্নুয়েট জরায়ু
- C. সেপ্টেট জরায়ু
- D. ডিডেলফিস জরায়ু

Q59 Professional Ability

কোন উপাদানটি পোষক বা হোস্টের মধ্যে একটি অণুজীবের (microbe) রোগ সৃষ্টি করার ক্ষমতাকে বর্ণনা করে?

- A. ভাইরুলেন্স ☒
- B. ভেক্টর
- C. অ্যান্টিবায়োটিক
- D. ইমিউনিটি

Q60 Professional Ability

যোনিতে আক্রান্ত পেলভিক সংক্রমণের প্রেক্ষাপটে, সংক্রমণ এবং ফিস্টুলা উভয়ই উপস্থিত থাকলে কোন ব্যবস্থাপনা কৌশল সবচেয়ে উপযুক্ত?

- A. শুধুমাত্র পর্যবেক্ষণ
- B. অ্যান্টিবায়োটিক ছাড়া ব্যথানাশক প্রয়োগ
- C. সংক্রমণ নিয়ন্ত্রণের আগে তাৎক্ষণিক সার্জিক্যাল রিপেয়ার
- D. অ্যান্টিবায়োটিক থেরাপির পরে সার্জিক্যাল রিপেয়ার ☒

Q61 Professional Ability

লোচিয়া সেরোসার প্রত্যাশিত রঙ এবং গঠন কেমন হয়?

- A. মিউকাস এবং শ্বেত রক্তকণিকা সহ সাদা বা হলুদ ডিসচার্জ
- B. কোন কোশবিহীন স্বচ্ছ জলীয় ডিসচার্জ
- C. জমাট বাঁধা রক্ত সহ উজ্জ্বল লাল ডিসচার্জ
- D. সিরাস তরল এবং শ্বেত রক্তকণিকায়ুক্ত গোলাপী বা বাদামী ডিসচার্জ ☒



Q62 Professional Ability

একাধিক সন্তানের জন্মদাত্রী 34 বছর বয়সী একজন মহিলার হঠাৎ তীব্র প্রসবোত্তর রক্তপাত শুরু হয়, যা ইউটেরিন ম্যাসাজ এবং অক্সিটোসিনেও কমছে না। পরীক্ষা করে দেখা যায় তার জরায়ু নরম ও ভিজে স্পঞ্জের মতো। পরবর্তী সর্বোত্তম পদক্ষেপ কী?

- A. ম্যানুয়ালভাবে প্ল্যাসেন্টা অপসারণ
- B. ব্লাড ট্রান্সফিউশান শুরু করা
- C. ইউটেরোটনিক এজেন্টের প্রয়োগ ☒
- D. তাৎক্ষণিক অস্ত্রোপচার

Q63 Professional Ability

একটি নির্দিষ্ট জীবন পর্যায় এবং লিঙ্গ গোষ্ঠীর একজন সুস্থ ব্যক্তির দৈনিক গড় খাদ্য গ্রহণকে কী বলা হয়?

- A. টলারেবল আপার ইনটেক লেভেল
- B. রেকোমেন্ডেড ডায়েটারি অ্যালাওয়েন্স ☒
- C. এস্টিমেটেড অ্যাভারেজ রিকোয়ারমেন্ট
- D. অ্যাডিকুয়েট ডায়েটারি ইনটেক

Q64 Professional Ability

একটি হাসপাতাল দুর্যোগ ব্যবস্থাপনা ড্রিল (disaster drill) পরিচালনা করছে। নার্স লিডারকে রোগীর সুস্থ নিশ্চিত করার পাশাপাশি সীমিত চিকিৎসা সরঞ্জাম বরাদ্দ করার সিদ্ধান্ত নিতে হবে। এই পরিস্থিতিতে সবথেকে উপযুক্ত নার্সিং পদক্ষেপ কোনটি?

- A. শুধুমাত্র স্টাফদের ব্যবহারের জন্য তাদের ইচ্ছা অনুযায়ী সরঞ্জাম সংরক্ষণ করে রাখা।
- B. আরও সরঞ্জাম না আসা পর্যন্ত সরবরাহ বন্ধ রাখা।
- C. সকল রোগীর মধ্যে সমানভাবে সরঞ্জাম বণ্টন করা।
- D. ট্রায়াজ নীতি (Triage Principles) অনুযায়ী সরঞ্জাম বরাদ্দ করা। ☒

Q65 Professional Ability

অ্যালার্জি চিকিৎসায় ইমিউনোথেরাপির (Immunotherapy) মূল কার্যপদ্ধতি কী?

- A. হেস্টামিন উৎপাদন উদ্দীপিত করা
- B. নির্দিষ্ট অ্যালার্জেনের প্রতি রোগ প্রতিরোধ ক্ষমতাকে সংবেদনশীলতাহীন করা ☒
- C. রক্ত প্রবাহে অ্যালার্জেন ধ্বংস করা
- D. শুধুমাত্র অ্যালার্জির লক্ষণগুলি দমন করা

Q66 Professional Ability

একটি গ্রামীণ হাসপাতালে, নার্সিং অ্যাডমিনিস্ট্রেটরকে অবশ্যই এমন একটি অর্থনৈতিক কৌশল বেছে নিতে হবে, যা জাতীয় স্বাস্থ্য পরিকল্পনার ন্যায্য প্রবেশাধিকারের (equitable access) উপর জোর দেওয়ার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। কোন পদ্ধতিটি সবচেয়ে কার্যকরভাবে এই প্রয়োজনীয়তা পূরণ করে?

- A. শুধুমাত্র ঐতিহাসিক ব্যয়ের তথ্যের (historical spending data) ভিত্তিতে বরাদ্দকরণ
- B. শহর ভিত্তিক বিশেষায়িত ইউনিটগুলির জন্য ফান্ডিংকে অগ্রাধিকার দেওয়া
- C. সম্প্রদায়ের স্বাস্থ্য চাহিদার মূল্যায়নের ভিত্তিতে রিসোর্সগুলি বরাদ্দ করা ☒
- D. প্রয়োজন নির্বিশেষে সমস্ত ওয়ার্ডে সমানভাবে তহবিল বিতরণ করা

Q67 Professional Ability

হোলিস্টিক নার্সিং-এ (Holistic nursing) নার্স এবং পেশেন্টের মধ্যে সম্পর্কে নিচের কোনটি সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

- A. নার্স-কেন্দ্রিক
- B. কাজ-ভিত্তিক
- C. রোগী-কেন্দ্রিক ☒
- D. পদ্ধতি-কেন্দ্রিক

Q68 Professional Ability **ENGLISH**

A pregnant woman diagnosed with hydramnios presents with sudden severe abdominal pain and difficulty breathing. What is the most appropriate immediate nursing action?

- A. Apply abdominal binder
- B. Administer oral fluids including lots of fruit juices
- C. Encourage ambulation and exercise
- D. Provide rest position to left side and provide oxygen ☒



Q69 Professional Ability

একটি পরিবার একটি নতুন সম্প্রদায়ে স্থানান্তরিত হয় এবং রিসিভিং নার্সকে (receiving nurse) তাদের স্বাস্থ্য রেকর্ড আপডেট করতে হয়। কোন অনুশীলনটি যত্নের ধারাবাহিকতা এবং সঠিক হেলথ ট্র্যাকিংকে সবচেয়ে ভালোভাবে উপস্থাপনা করে?

- A. পূর্ববর্তী স্বাস্থ্য নথিগুলি (health records) দ্রুত স্থানান্তর এবং সংহত করা ✓
- B. অতীতের তথ্য পর্যালোচনা না করেই একটি নতুন রেকর্ড শুরু করা
- C. শুধুমাত্র পরিবারের দ্বারা রিপোর্ট করা নতুন অসুস্থতার নথি লিপিবদ্ধ করা
- D. পরিবারের সদস্যদের মৌখিক বিবরণের উপর নির্ভর করা

Q70 Professional Ability

একজন নার্সকে অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার (ASD) আক্রান্ত শিশুদের অভিভাবকদের জন্য একটি সাইকো-এডুকেশন (মনঃসামাজিক শিক্ষা) সেশন বা কর্মসূচি পরিকল্পনা করতে হবে। শিশুর সামাজিক বিকাশে (social development) অভিভাবকদের বোঝাপড়া এবং সহায়তা বৃদ্ধির জন্য নিচের কোন পদ্ধতিটি সবচেয়ে কার্যকর হওয়ার সম্ভাবনা রয়েছে?

- A. থেরাপিতে অভিভাবকদের অংশগ্রহণকে নিরুৎসাহিত করা
- B. দৈনিক সময়সূচি বা রুটিনে ঘনঘন পরিবর্তন আনাকে উৎসাহিত করা
- C. সুসংগত বা ধারাবাহিক রুটিন মেনে চলা এবং ইতিবাচক আচরণে উৎসাহ (Positive reinforcement) প্রদান করা ✓
- D. অনুচিত বা নেতিবাচক আচরণের জন্য শাস্তির ওপর গুরুত্বারোপ করা

Q71 Professional Ability

স্ট্রোকের পর একজন রোগীর কথা বোঝার ক্ষেত্রে সমস্যা হচ্ছে কিন্তু সাবলীলভাবে কথা বলতে পারছেন, যদিও শব্দগুলো অর্থহীন। মস্তিষ্কের কোন অঞ্চলটি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে?

- A. বামদিকের টেম্পোরাল লোবে অবস্থিত ওয়ার্নিক এরিয়া (Wernicke's area) ক্ষতিগ্রস্ত হয়েছে। ✓
- B. ফ্রন্টাল লোবে অবস্থিত ব্রোকা এরিয়া (Broca's area) ক্ষতিগ্রস্ত হয়েছে।
- C. প্যারাইটাল লোবে অবস্থিত সোম্যাটোসেন্সরি কর্টেক্স (Somatosensory cortex) ক্ষতিগ্রস্ত হয়েছে।
- D. অক্সিপিটাল লোবে অবস্থিত ভিজুয়াল কর্টেক্স (Visual cortex) ক্ষতিগ্রস্ত হয়েছে।

Q72 Professional Ability

একজন প্রধান নার্স লক্ষ্য করলেন যে, দলের সদস্যদের মধ্যে কাজের দায়িত্ব ওভারল্যাপিংয়ের কারণে রোগী পরিষেবায় দেরি হচ্ছে। এই পরিস্থিতিতে প্রধান নার্সের কোন কার্যকর পদক্ষেপটি সবচেয়ে উপযুক্ত?

- A. শিফটের জন্য প্রতিটি দলের সদস্যের সুনির্দিষ্ট দায়িত্বগুলো স্পষ্ট করে দেওয়া। ✓
- B. স্টাফদের প্রতিদিন নিজেদের কাজ নিজেদেরই বেছে নেওয়ার সুযোগ দেওয়া।
- C. আলোচনার জন্য স্টাফ মিটিংয়ের সংখ্যা বাড়ানো।
- D. ডিউটিতে থাকা সবচেয়ে অভিজ্ঞ নার্সের ওপর সমস্ত কাজের দায়িত্ব দেওয়া।

Q73 Professional Ability

একটি শিশুর মলদ্বারে সাপোজিটরি (Rectal Suppository) প্রয়োগ করার সময় তাকে কোন অবস্থানে রাখা সবচেয়ে সুবিধাজনক?

- A. উপুড় হয়ে শোয়া (প্রোন)
- B. চিত হয়ে শোয়া বা সুপাইন
- C. বসা বা উপবিষ্ট অবস্থায়
- D. এক পাশে (সাধারণত বাম পাশে) কাত হয়ে শোয়া বা সিমস ✓

Q74 Professional Ability

একটি ক্লিনিক্যাল ল্যাবরেটরি পরিবেশে অণুজীব দ্বারা দূষিত ধারালো সরঞ্জাম নিষ্পত্তির জন্য নিম্নলিখিত কোনটি সবচেয়ে উপযুক্ত পদ্ধতি?

- A. জ্বালানোর জন্য ছিদ্ররোধী বায়োহাজার্ড কন্টেইনারে রাখা ✓
- B. অটোক্লেভ করা এবং সাধারণ আবর্জনার সাথে নিষ্পত্তি করা
- C. রাসায়নিক জীবাণুমুক্তকরণের পরে সাধারণ নিষ্পত্তি
- D. সরাসরি দৈনন্দিন আবর্জনার সাথে নিষ্পত্তি করা

Q75 Professional Ability

একটি পরিবারে পারস্পরিক নির্ভরশীলতা সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে কীভাবে প্রভাবিত করতে পারে?

- A. এটি কোনো সিদ্ধান্ত গ্রহণে বাধা সৃষ্টি করে
- B. এটি বাইরের লোকদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণে বাধা করে
- C. এটি কিছু সদস্যকে সিদ্ধান্ত গ্রহণ থেকে বাদ দেয়
- D. এটি সিদ্ধান্ত গ্রহণে সকলের যৌথ অংশগ্রহণকে উৎসাহিত করে ✓



Q76 Professional Ability

একজন নার্স লক্ষ্য করেন যে, প্রসবের পরে দ্বাদশ দিনে একজন মহিলার লোচিয়া (lochia), রুভ্রা (rubra) থেকে আলবায় (alba) রূপান্তরিত হয়েছে। এটি তার সেরে ওঠার প্রক্রিয়া সম্পর্কে কী নির্দেশ করে?

- A. রোগীকে তার শারীরিক পরিশ্রম বা কার্যকলাপ আরও সীমাবদ্ধ করতে হবে
- B. রোগীর এন্ডোমেট্রিটিস (endometritis) হওয়ার বেশি ঝুঁকি রয়েছে
- C. লোচিয়া আলবার (lochia alba) উপস্থিতি বিলম্বিত ইনভোলিউশনের (involution) ইঙ্গিত দেয়
- D. এন্ডোমেট্রিয়াল আন্তরঙ্গের নিরাময় স্বাভাবিকভাবে হচ্ছে ☒

Q77 Professional Ability

প্রদাহের (Inflammation) প্রাথমিক পর্যায়ে প্রধানত কোন ধরনের কোশ সক্রিয় ভূমিকা পালন করে?

- A. লিম্ফোসাইট (Lymphocytes)
- B. বেসোফিল (Basophils)
- C. এরিথ্রোসাইট (Erythrocytes)
- D. নিউট্রোফিল (Neutrophils) ☒

Q78 Professional Ability

কোন বিবৃতিটি মনোযোগ (attention) এবং উপলব্ধির (perception) মধ্যকার সম্পর্ককে সঠিকভাবে বর্ণনা করে?

- A. তথ্য উপলব্ধি করার জন্য মনোযোগ একটি ফিল্টার হিসাবে কাজ করে ☒
- B. উপলব্ধি করার জন্য মনোযোগের প্রয়োজন হয় না
- C. শুধুমাত্র জটিল উপলব্ধির জন্য মনোযোগ প্রয়োজন
- D. মনোযোগ দেওয়ার আগেই উপলব্ধি ঘটে

Q79 Professional Ability

স্বাস্থ্য শিক্ষায় (health education) অডিও-ভিজুয়াল এইড হিসেবে মডেল ব্যবহারের প্রাথমিক সুবিধা কী?

- A. এগুলি স্পর্শ এবং দৃষ্টিশক্তিকে উদ্দীপিত করে ☒
- B. এগুলির জন্য বিদ্যুতের প্রয়োজন হয় না
- C. এগুলি শুধুমাত্র শিশুদের জন্য ব্যবহৃত হয়
- D. এগুলি সহজেই ফেলে দেওয়া যায়

Q80 Professional Ability

কোন অণুজীবকে সাধারণত ইউক্যারিওট হিসেবে শ্রেণীবদ্ধ করা হয়?

- A. সায়ানোব্যাকটেরিয়াম
- B. ভাইরাস
- C. ব্যাকটেরিয়া
- D. প্রোটোজোয়া ☒

Q81 Professional Ability

একজন রোগীর ত্বকের সংক্রমণের চিকিৎসার জন্য এমন একটি ওষুধের প্রয়োজন যা সরাসরি সংক্রমণের স্থানে (site of infection) কাজ করবে। এই ক্ষেত্রে নিচের কোন ওষুধের ফর্মটি (Drug form) ব্যবহার করা সবচেয়ে যুক্তিযুক্ত?

- A. টপিকাল ক্রিম (Topical cream) ☒
- B. ক্যাপসুল (Capsule)
- C. সিরাপ (Syrup)
- D. সাপোজিটরি (Suppository)

Q82 Professional Ability

একজন কমিউনিটি হেলথ নার্স, বাড়িতে গিয়ে একটি 6 মাস বয়সী শিশুর মূল্যায়ন করছেন। কোন মূল্যায়নের ফলাফল সবচেয়ে ভালোভাবে ইঙ্গিত দেয় যে শিশুটি প্রত্যাশিত বিকাশের মাইলফলক পূরণ করছে?

- A. শিশুটি সহায়তা নিয়ে বসতে সক্ষম হয় এবং হাতের মধ্যে জিনিসপত্র নিয়ে স্থানান্তর করতে পারে ☒
- B. শিশুটি বেশ কয়েকটি পদক্ষেপ বিনা সহায়তায় হাঁটতে পারে এবং অবাধে দৌড়তে সক্ষম হয়
- C. শিশুটি সারা দিন নিয়মিত খাবার এড়িয়ে যায় এবং আগ্রহহীনতা দেখায়
- D. শিশুটি স্পষ্টভাবে বোঝার পাশাপাশি সাবলীলভাবে দুই শব্দের বাক্য বলতে পারে

Q83 Professional Ability

একজন জনস্বাস্থ্য সেবিকা (Public Health Nurse) এমন একটি গ্রামীণ এলাকায় স্বাস্থ্য সচেতনতা মেলার আয়োজন করেছেন যেখানে অধিকাংশ তরুণই ধূমপায়ী। এমতাবস্থায়, প্রদত্ত স্বাস্থ্য শিক্ষার সর্বোৎকৃষ্ট লক্ষ্য বা মূল উদ্দেশ্য কী হওয়া উচিত?

- A. তথ্য এবং সহায়তা প্রদানের মাধ্যমে আচরণ পরিবর্তনকে উৎসাহিত করা ☒
- B. প্রাপ্তবয়স্কদের মধ্যে সাধারণ অস্ত্রোপচার পদ্ধতি এবং অস্ত্রোপচারের পরে যত্ন শেখানো
- C. রোগ নির্ণয়ের জন্য স্ক্রিনিং বা মূল্যায়ন করা এবং ওষুধ বিতরণ কার্যক্রম পরিচালনা করা
- D. শুধু ধূমপানের সমস্যা এবং বিপদগুলির দিকে মনোনিবেশ করা



Q84 Professional Ability

স্ত্রীরোগ সংক্রান্ত নার্সিংয়ে, কেন কৃত্রিম গর্ভধারণকে ফার্টিলিটি ট্রিটমেন্ট হিসেবে সুপারিশ করা যেতে পারে?

- A. জনননালি সংক্রমণের চিকিৎসার জন্য
- B. যৌন সংক্রমণ প্রতিরোধের জন্য
- C. ক্যান্সার স্ক্রিনিং করার জন্য
- D. পুরুষ বন্ধ্যাত্বের কারণগুলি যখন প্রাকৃতিক গর্ভধারণকে বাধাগ্রস্ত করে ☒

Q85 Professional Ability

মেনিয়ার্স ডিজিজে আক্রান্ত রোগীর উপসর্গ নিয়ন্ত্রণে সাহায্য করার জন্য কোন ধরনের খাদ্যাভ্যাস পরিবর্তনের পরামর্শ দেওয়া উচিত?

- A. সোডিয়াম গ্রহণ সীমিত করা ☒
- B. উচ্চ প্রোটিনযুক্ত ডায়েটের পরামর্শ দেওয়া
- C. ক্যাফেইন সেবনে উৎসাহিত করা
- D. দৈনিক তরল গ্রহণের পরিমাণ বৃদ্ধি করা

Q86 Professional Ability **ENGLISH**

A female patient presents with localized pain and swelling at the opening of the genital tract, including the clitoris and vestibule. The nurse recognizes that this infection is limited to which anatomical region?

- A. Vulva ☒
- B. Uterus
- C. Cervix
- D. Vagina

Q87 Professional Ability

চাইল্ড হেলথ নার্সিং-এ প্রতিরোধমূলক শিশু চিকিৎসা নিচের কোনটির মাধ্যমে সবচেয়ে ভালো ব্যাখ্যা করা যায়?

- A. সমস্ত উপসর্গের জন্য ওষুধ প্রয়োগ করা।
- B. রোগ হওয়ার পর তার চিকিৎসা করা।
- C. শুধুমাত্র শারীরিক বিকাশের দিকে মনোনিবেশ করা।
- D. শিশুদের স্বাস্থ্যের উন্নতি ঘটানো এবং রোগ প্রতিরোধ করা। ☒

Q88 Professional Ability

নিচের কোনটি ডিপেন্ডেন্ট পার্সোনালিটি ডিসঅর্ডারে আক্রান্ত ব্যক্তি সম্পর্কে সবচেয়ে ভালো বর্ণনা দেয়?

- A. অন্যদের পরামর্শ বা আশ্বাস ছাড়া প্রতিদিনের সিদ্ধান্ত নিতে অসুবিধা হওয়া। ☒
- B. অত্যধিক আবেগীয় অস্থিরতা, অস্থিতিশীল ব্যক্তিত্ব এবং হঠকারিতা প্রদর্শন করা।
- C. অনুশোচনা ছাড়াই অন্যের অধিকার লঙ্ঘন করার একটি স্থায়ী ধরন প্রদর্শন করা।
- D. অন্যদের প্রতি স্থায়ী সন্দেহ এবং গভীর অবিশ্বাস পোষণ করা।

Q89 Professional Ability

শারীরিক মূল্যায়নের সময় রোগীর ফুসফুসের শব্দ মূল্যায়নের জন্য সাধারণত কোন দুটি প্রধান কৌশল ব্যবহার করা হয়?

- A. অসকুলটেশন এবং পার্কারসন ☒
- B. ইন্সপেকশন এবং পালপেশন
- C. পার্কারসন এবং ইন্সপেকশন
- D. পালপেশন এবং অসকুলটেশন

Q90 Professional Ability

নবজাতকের ওরোগ্যাস্ট্রিক ফিডিং চলাকালীন যদি কাশি এবং সায়ানোসিস দেখা দেয়, তাহলে নার্সের তাৎক্ষণিক পদক্ষেপ কী হওয়া উচিত?

- A. দ্রুত শেষ করার জন্য ফিডিংয়ের গতি বাড়িয়ে দেওয়া।
- B. ফিডিং বন্ধ করা এবং অবিলম্বে শ্বাসনালীর পথ পরীক্ষা করা। ☒
- C. শিশুকে শান্ত করার জন্য একটি প্যাসিফায়ার দেওয়া।
- D. বাচ্চার অবস্থান পরিবর্তন করা এবং ধীরে ধীরে ফিডিং চালিয়ে যাওয়া।

Q91 Professional Ability

একজন কমিউনিটি হেলথ নার্সকে এমন একটি গ্রামে নিয়োগ করা হয় যেখানে উচ্চ রক্তচাপজনিত রোগীর সংখ্যায় বৃদ্ধি লক্ষ্য করা গেছে। তিনি স্বাস্থ্য স্ক্রিনিংয়ের আয়োজন করেন, ডায়েটরি কাউন্সেলিং প্রদান করেন এবং আরও ব্যবস্থাপনার জন্য শনাক্ত হওয়া কেসগুলি উল্লেখ করেন। এই পরিস্থিতিতে প্রাথমিকভাবে কোন স্তরের প্রতিরোধ প্রয়োগ করা হচ্ছে?

- A. নীতিগত পরামর্শের মাধ্যমে প্রাথমিক প্রতিরোধ
- B. লাইফস্টাইল এডুকেশনের মাধ্যমে প্রাথমিক প্রতিরোধ
- C. প্রাথমিক অবস্থায় শনাক্তকরণ এবং ইন্টারভেনশনের মাধ্যমে দ্বিতীয় স্তরের প্রতিরোধ ☒
- D. পুনর্বাসন পরিষেবার মাধ্যমে তৃতীয় স্তরের প্রতিরোধ



Q92 Professional Ability

নিম্নলিখিত কোনটি প্রকৃত প্রসববেদনার লক্ষণ নয়?

- A. অনিয়মিত সংকোচন যা বিশ্রামে কমে যায় ✓
- B. জরায়ুমুখের ক্রমবিকাশমান প্রসারণ
- C. সংকোচনের তীব্রতা ক্রমাগত বৃদ্ধি পাওয়া
- D. নিয়মিত সংকোচন

Q93 Professional Ability

একজন মধ্যবয়সী ব্যক্তি, যার ডায়াবেটিস নিয়ন্ত্রণে নেই, তার পায়ে একটি ক্ষত (foot ulcer) তৈরি হয়। পরবর্তীতে সেই ক্ষতটি তার শরীরের স্বাভাবিক ত্বকের ব্যাকটেরিয়ার (normal skin flora) দ্বারা সংক্রমিত হয়। এটি কোন ধরনের সংক্রমণ?

- A. একটি এক্সোটিক সংক্রমণ (Exotic infection), যা ড্রাগ-প্রতিরোধী ব্যাকটেরিয়া দ্বারা হয়।
- B. একটি এন্ডোজেনাস সংক্রমণ (Endogenous infection), যা শরীরের নিজস্ব ব্যাকটেরিয়া থেকে হয়। ✓
- C. একটি এক্সোজেনাস সংক্রমণ (Exogenous infection), যা হাসপাতালের কর্মীদের থেকে ছড়ায়।
- D. একটি জুনোটিক সংক্রমণ (Zoonotic infection), যা পশুর সংস্পর্শ থেকে হয়।

Q94 Professional Ability ENGLISH

Which of the following organs play(s) the primary role in maintaining fluid and electrolyte balance in the human body?

- A. Stomach
- B. Lungs
- C. Kidneys ✓
- D. Liver

Q95 Professional Ability

একটি নতুন নীতিতে, ওয়ার্ডগুলিতে উন্নত উন্ড কেয়ার প্রোডাক্ট চালু করা বাধ্যতামূলক করা হয়েছে। এই পরিবর্তনকে বাজেটে একীভূত (integrate) করার জন্য, নার্স অ্যাডমিনিস্ট্রেটরের কোন প্রক্রিয়াকে অগ্রাধিকার দেওয়া উচিত?

- A. নতুন খরচ মেটাতে অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র বাদ দেওয়া
- B. সমস্ত সরবরাহের মধ্যে বিদ্যমান বাজেট সমানভাবে বন্টন করা
- C. পণ্যের খরচের মূল্যায়ন করা এবং ব্যয়ের পূর্বাভাস সংশোধন করা ✓
- D. আগামী বছরের বাজেট সাইকেল পর্যন্ত নীতিটি উপেক্ষা করা

Q96 Professional Ability

এমপ্লয়ার-স্পনসরড (Employer-sponsored) স্বাস্থ্য বীমা পরিকল্পনার ক্ষেত্রে সাধারণত কে প্রিমিয়াম প্রদান করেন?

- A. এমপ্লয়ার ✓
- B. দাতব্য সংস্থা
- C. রোগীর পরিবার
- D. সরকার

Q97 Professional Ability

ওয়ার্ডে চিকিৎসাধীন রোগীদের মধ্যে শিক্ষা-দান ও শিক্ষা-গ্রহণ প্রক্রিয়ার কার্যকারিতা বৃদ্ধি করার জন্য একজন নার্সের কোনটি করা উচিত?

- A. একচেটিয়াভাবে লিখিত উপকরণ বা মিডিয়ার ওপর নির্ভর করা।
- B. রোগীকে সক্রিয়ভাবে শেখার প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করার ওপর গুরুত্ব দেওয়া। ✓
- C. অল্প সময়ের মধ্যে যতটা সম্ভব বেশি তথ্য দেওয়া।
- D. রোগীর উদ্বেগ উপেক্ষা করা।

Q98 Professional Ability

ক্লিনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (COPD) আক্রান্ত রোগীর নেবুলাইজেশনের সময়, নার্স লক্ষ্য করেন যে ওষুধটি দৃশ্যত মিস্ট করছে না। এই সমস্যা সমাধানের জন্য সর্বোত্তম নার্সিং পদক্ষেপ কী?

- A. অবিলম্বে ওষুধের পরবর্তী নির্ধারিত ডোজ দেওয়া
- B. ওয়ালে সর্বোচ্চ সেটিং এ অক্সিজেনের প্রবাহ বৃদ্ধি করা
- C. প্রতিবার শ্বাস নেওয়ার পর রোগীকে 10 সেকেন্ডের জন্য তার শ্বাস ধরে রাখতে বলা
- D. চিউবিং-এ কোথাও ভাঁজ পড়ে আছে কিনা তা পরীক্ষা করা (Check for kinks) এবং নিশ্চিত করা যে যন্ত্রটি সংযুক্ত রয়েছে ✓

Q99 Professional Ability ENGLISH

A nurse is educating a group of patients about diabetes management but notices that several participants are distracted due to background noises in the ward. Which barrier of communication is affecting the session?

- A. Environmental barrier ✓
- B. Semantic barrier
- C. Physical barrier
- D. Psychological barrier



Q100 Professional Ability

একজন ডাক্তার রোগীর শারীরিক লক্ষণ এবং মানসিক চাপ উভয়েরই চিকিৎসা করেন, এই বিশ্বাসে যে মন এবং শরীর একে অপরকে প্রভাবিত করে। এই পদ্ধতিটি কোন তত্ত্বকে সবচেয়ে ভালোভাবে প্রতিফলিত করে?

A. আচরণবাদ

B. বস্তুবাদ

C. দ্বৈতবাদ



D. নির্মূল বস্তুবাদ



Blackbook Vocabulary — Now in the App!

Download Now on Google Play

generated by rank.qmaths.in